Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad

★★ ২৪ পাতার সংখ্যা (দাম : ৪ টাকা)

# কর্মসংস্থান

www.karmosangsthan.com

Vol. 31 ■ Issue No. 12 ■ 24th March 2018 ■ Saturday ■ R.N.I. 44167/88

## ৫৪২ জুনিয়র এক্সিকিউটিভ

এয়ারপোর্টস অথরিটি অফ ইন্ডিয়া 'জুনিয়র এক্সিকিউটিভ (ইঞ্জিনিয়ারিং -সিভিল)', 'জুনিয়র এক্সিকিউটিভ (ইঞ্জিনিয়ারিং - ইলেক্ট্রিক্যাল)',

এরপর ২১ পাতায়

- রেলের গ্রুপ 'ডি' পদের পরীক্ষার সম্ভাব্য প্রশ্নোত্তর
- সৃজনশীলতাকে কাজে লাগিয়ে কীভাবে পেশা গড়বেন
- চাকরির পরীক্ষার গাইড, সাফল্যের প্রস্তুতি ও অন্যান্য নিয়মিত বিভাগ

# ৪ পুরসভায় ১৮৫ ক্লার্ক, মজদুর, হেল্পার, অপারেটর

### কামারহাটি পুরসভা

উত্তর ২৪ পরগনার কামারহাটি পুরসভা মিস্ত্রি, পিওন, পাম্প অপারেটর, অ্যাসিস্ট্যান্ট মিস্ত্রি, ড্রাইভার ও সাব -অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদে ৮৯ জন লোক

এরপর ২১ পাতায়

### কৃষ্ণনগর পুরসভা

কৃষ্ণনগর পুরসভা ক্লার্ক, পাম্প অপারেটর, টোল কালেক্টর, মজদুর, পিওন, হেল্পার পদে ৭১ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

এরপর ৪ পাতায়

### বর্ধমান পুরসভা

বর্ধমান পুরসভা ক্লার্ক, ড্রাইভার, স্যানিটারি অ্যাসিস্ট্যান্ট পদে ১৬ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ক্লার্ক** : মাধ্যমিক পাশরা টাইপিং ও

এরপর ২০ পাতায়

### বুনিয়াদপুর পুরসভা

বুনিয়াদপুর পুরসভা ক্লার্ক, মজদুর ও পিওন পদে ৯ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**ক্লার্ক** : মাধ্যমিক পাশরা টাইপিং ও কম্পিউটারে জ্ঞান থাকলে যোগ্য।

এরপর ২০ পাতায়

# রাজ্য সরকারে ১৫৬ ভেটেরিনারি অফিসার

**গ্র্যাজুয়েট ছেলেমেয়ের জন্য**

পশ্চিমবঙ্গ সরকারের প্রাণী সম্পদ উন্নয়ন দফতর 'ভেটেরিনারি অফিসার' পদে ১৫৬জন লোক নিচ্ছে।

ভেটেরিনারি সায়েন্স অ্যান্ড অ্যানিম্যাল হাজবেন্ড্রির ডিগ্রি বা, ভেটেরিনারি সায়েন্সের ডিগ্রি কোর্স পাশরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১-১-২০১৮'র হিসাবে ৩৬ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ১০ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ১৫,৬০০-৪২০০০ টাকা ও গ্রেড পে ৫,৪০০ টাকা। শূন্যপদ : ১৫৬টি (জেনাঃ ৭১, তঃজাঃ ২৫, তঃউঃজাঃ ৭, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১৯, ও.বি.সি. -বি ক্যাটেগরি ১১, প্রতিবন্ধী ৯)। চাকরি হবে পশ্চিমবঙ্গ অ্যানিম্যাল হাজবেন্ড্রি ও ভেটেরিনারি সার্ভিসেস-এ।

প্রার্থী বাছাই হবে স্ক্রীনিং টেস্ট বা, লিখিত পরীক্ষার মাধ্যমে। এরপর হবে ইন্টারভিউ। এই পদের বিজ্ঞপ্তি নং : 7/2018.

দরখাস্ত করবেন শুধুমাত্র অনলাইনে, ৯ এপ্রিলের

এরপর ২ পাতায়

## ৮১ মেডিক্যাল টেকনোলজিস্ট

পশ্চিমবঙ্গ সরকারের এমপ্লয়ীজ স্টেট ইনসিওরেন্স (মেডিক্যাল বেনিফিট) স্কিমে কাজের জন্য 'মেডিক্যাল টেকনোলজিস্ট' পদে ৮১ জন লোক নিচ্ছে।

এরপর ১৭ পাতায়

# আই.টি.আইয়ের ট্রেড সার্টিফিকেট কোর্সে ২৫ হাজার ছেলেমেয়ের ভরতি

পশ্চিমবঙ্গের সরকারি ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউট (মহিলা আই.টি.আই.-সহ), ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং সেন্টার (আই.টি.সি.) / প্রাইভেট আই.টি.আই. ও ১টি জুনিয়র পলিটেকনিক-সহ প্রায় ২৩৫টি আই.টি.আই.'তে কেন্দ্রীয় সরকারের ন্যাশনাল কাউন্সিল ফর ভোকেশনাল ট্রেনিংয়ের (এন.সি.ভি.টি) অনুমোদিত ক্র্যাফটসম্যান ট্রেনিং স্কিমে প্রায় ৪০টি ট্রেডের সার্টিফিকেট কোর্সে ভরতি শুরু হয়েছে। সেশন শুরু ১ আগস্ট। কোন ট্রেডে কারা আবেদনের যোগ্য:

এরপর ৫ পাতায়

# ন্যাবার্ডে অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার

ন্যাশনাল ব্যাঙ্ক ফর অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট (ন্যাবার্ড) রুরাল ডেভেলপমেন্ট ব্যাঙ্কিং সার্ভিসে 'অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার গ্রেড-A' পদে ৯২জন ছেলেমেয়ে নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**জেনারেল** : যে কোনো শাখার গ্র্যাজুয়েট বা, পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫০% (তপশিলী, প্রতিবন্ধী হলে ৪৫%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। ডিগ্রি কোর্স পাশরা চার্টার্ড অ্যাকাউন্ট্যান্ট, কস্ট অ্যাকাউন্ট্যান্ট বা, কোম্পানি সেক্রেটারিশিপ কোর্স পাশ হলেও যোগ্য। ডিগ্রি কোর্স পাশরা ম্যানেজমেন্টের ২ বছরের পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ কিংবা এম.বি.এ. কোর্স পাশ হলেও যোগ্য। শূন্যপদ : ৪৬টি (জেনাঃ ২৩,তঃজাঃ ৭, তঃউঃজাঃ

এরপর ২২ পাতায়




# বিদ্যুৎ সংস্থায় ২৪০ জুনিয়র ইঞ্জিনিয়ার

বিহার স্টেট পাওয়ার (হোল্ডিং) কোম্পানি 'অ্যাসিস্ট্যান্ট ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার' ও 'অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল)' পদে ২৪০ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

**অ্যাসিস্ট্যান্ট ইলেক্ট্রিক্যাল ইঞ্জিনিয়ার** : ইলেক্ট্রিক্যাল, ইলেক্ট্রিক্যাল অ্যান্ড ইলেক্ট্রনিক্স ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি (বি.ই. / বি.টেক. / বি.এসসি. -ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মূল মাইনে : ৩৬৮০০-৫৮,৬০০ টাকা। শূন্যপদ : ২০০টি।

**অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার (সিভিল)** : সিভিল বা, কন্সট্রাকশন ইঞ্জিনিয়ারিংয়ের ৪ বছরের ডিগ্রি (বি.ই. / বি.টেক. / বি.এসসি. - ইঞ্জিনিয়ারিং) কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। মূল মাইনে : ৩৬৮০০-৫৮,৬০০ টাকা। শূন্যপদ : ৪০টি।

সব পদের বেলায় শিক্ষাগত

এরপর ১১ পাতায়

## MAT পরীক্ষার মাধ্যমে ম্যানেজমেন্টের কোর্স

কলকাতা-সহ সারা ভারতের ২০০টি স্বীকৃত ইনস্টিটিউটে 'ম্যানেজমেন্টে'র স্বীকৃত পোস্ট-গ্র্যাজুয়েট কোর্স (এম.বি.এ. ও অ্যালায়েড কোর্স)'এ ভরতির জন্য অল ইন্ডিয়া ম্যানেজমেন্ট অ্যাসোসিয়েশন — সেন্টার ফর ম্যানেজমেন্ট সার্ভিসেস'এর 'ম্যানেজমেন্ট অ্যাপ্টিটিউড টেস্ট বা, ম্যাট' পরীক্ষার দরখাস্ত নেওয়া শুরু হয়েছে।

যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। এবছরের ডিগ্রি কোর্সের ফাইনাল পরীক্ষার্থীরাও আবেদনের যোগ্য। 'ম্যাট' পরীক্ষা হবে ফেব্রুয়ারি মাসে।

এরপর ১৭ পাতায়

## ৮৯ ক্লার্ক ও টেকনিশিয়ান

দেরাদুনের ফরেস্ট রিসার্চ ইনস্টিটিউট 'লোয়ার ডিভিশন ক্লার্ক', মাল্টি টাস্কিং স্টাফ, টেকনিশিয়ান পদে ৮৯ জন লোক নিচ্ছে। কারা কোন পদের জন্য যোগ্য :

এরপর ১১ পাতায়

## ৫০ ক্লার্ক, স্টেনো

কোচবিহার জেলা জাজেস কোর্টে 'ইংলিশ স্টেনোগ্রাফার (গ্রুপ-বি) গ্রেড-।।।', লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট, প্রসেস সার্ভার, গ্রুপ-ডি ও কর্মবন্ধু পদে ৫০ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। কারা কোন পদের জন্য আবেদনের যোগ্য:

এরপর ৭ পাতায়

## কেবিন ক্রু

জেট এয়ারওয়েজ 'কেবিন ক্রু' পদে সরাসরি ইন্টারভিউয়ের মাধ্যমে কিছু ছেলেমেয়ে নিচ্ছে। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ অবিবাহিত ছেলেমেয়েরা ১৮ থেকে ২৭ বছরের মধ্যে বয়স থাকলে 'কেবিন ক্রু' পদের জন্য আবেদন করতে পারেন।

এরপর ১১ পাতায়

নিউ জেনারেশন কোচিং সেন্টার
Govt. Regd. No- L- 75797
Head Office- সুমতি প্যালেস,
গ্রাম- দেবীপুর, পোঃ চাঁদপাড়া, জেলা- উত্তর ২৪ পরগনা
কেন্দ্রীয় ৮ বাহিনি ও রাজ্য পুলিশে চাকরি পাওয়ার বিশ্বস্ত প্রতিষ্ঠান
ARMY, BSF, CRPF, CISF, SSB, RPF, ITBP, AR, NIA, SSF, WBP & KP
City office, কোচবিহার ব্রাঞ্চ ও ধুপগুড়ি ব্রাঞ্চে ৮ বাহিনীর ক্লাস শুরু হয়ে গেছে
Rail- গ্রুপ ডি
City office ও কোচবিহার ব্রাঞ্চে
Special ক্লাশ শুরু হয়ে গেছে
ধুপগুড়ি ব্রাঞ্চে 30.03.2018 থেকে ক্লাশ শুরু হবে।
City Office- দমদম জংশন, 151 দমদম রোড, কলকাতা- 700074
ধুপগুড়ি ব্রাঞ্চ : মিলপাড়া, ওয়ার্ড নং ৩, জলপাইগুড়ি
(Opposite Fire Station)
কোচবিহার ব্রাঞ্চ : বাজার পোষ্ট অফিসের পাশের বিল্ডিং, রাজ রাজেন্দ্রনারায়ণ রোড, কোচবিহার
হেড অফিস : 9836306785
সিটি অফিস : 9073360098
ধুপগুড়ি ব্রাঞ্চ : 9073360106
কোচবিহার ব্রাঞ্চ : 9051149723

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



**কর্মসংস্থান**
সাপ্তাহিক পত্রিকা

প্রধান কার্যালয়
১২/৩/৪ জামির লেন,
কলকাতা - ৭০০ ০১৯
বালিগঞ্জ বাস টার্মিনাসে
গড়িয়াহাট ম্যালের মুখোমুখি

হেল্প লাইন
✆ : (০৩৩) ২৪৬০ ৬২১১/ ৬২১২/৮২৩৪
ফ্যাক্স নং : ২৪৬০ ৮২৩৩

নয়াদিল্লি কার্যালয়
রুম নং - ১০২ অ্যানেক্স,
আই.এন.এস বিল্ডিং, রফি মার্গ
নয়াদিল্লি-১১০ ০০১
ফোন : ০৯৮১৮৬৭৫২৮৩

ঝাড়খণ্ড কার্যালয়
পিস রোড নং ৩,
হোলি ক্রশ স্কুল রোড,
লালপুর, রাঁচি-৮৩৪০০১
ফোন : ৯০৯৩০০৮৭০২

## স্কুল-কলেজ-শিক্ষা

**CARREOGRAPH**
Medical Representative Training for Graduates below 24 Years. Kolkata - 9836970475, Asansol - 9874197671, Durgapur - 9874182795.
SH (C)

**WBCS & MISC**
(Comp+Optional) বাংলা। লেখার দক্ষতা ও ভালো নম্বর সুনিশ্চিত। M-8902204489.
R

## কর্মখালি

**Pvt. ব্যাঙ্কে ও এয়ারপোর্টে**
গভঃ লাইসেন্স প্রাপ্ত কন্ট্রাক্টারের অধীনে Airport এবং Pvt. ব্যাঙ্কে (DSA) তে সরাসরি নিয়োগ চলছে। ৮ম - স্নাতক। বেতন ১৩৭০০ - ৪২৫০০। বয়স ১৮-৪৮। থাকা ও খাওয়ার সুব্যবস্থা। শঙ্কর রায়, M : 9734824648.
SA

**আর্জেন্ট ভ্যাকান্সি**
**Airport, মেট্রো ও Pvt Bank (DSA) স্থায়ী জব**
বিনা ডোনেশনে কন্ট্রাক্টরের অধীনে স্ট্যাম্প পেপারে লিখিত সহ বিভিন্ন অফিসিয়াল পদে M/F কর্মী নিয়োগ চলছে। যোগ্যতা - ৮ম - স্নাতক, বেতন - (17,700-42,600). এছাড়া PF, OT, ESI, বোনাস, থাকা-খাওয়ার সুব্যবস্থা আছে।" R.C - 7797607280.
SA (C)

**পঃ বঙ্গের মাল্টিন্যাশনাল, Bank (ATM), টাওয়ার কোম্পানিতে প্রচুর ছেলে প্রয়োজন**
পুজোর বোনাস-সহ স্পট জয়েনিং। পশ্চিমবঙ্গের প্রতিটি ন্যাশনাল, মাল্টিন্যাশনাল কোম্পানি, Bank, টাওয়ার, আয়রন Co., Steel Co., টেকনোলজিক্যাল Co. তে প্রচুর ছেলে প্রয়োজন। যোগ্যতা নামসই - স্নাতক। জেলাভিত্তিক পোস্টিং। বেতন- MP - (8600 – 10600), MP– HS (10600 – 16800), HS– স্নাতক (16800 –24600), স্নাতকোত্তর (24600 – 29600). নো ডোনেশন। রেজিঃ ১০১ + ফর্ম। স্পট জয়েন্ট। M : 9775972898.
SA

## স্কুল-কলেজ-শিক্ষা

English for WBCS, CGL, ব্যাঙ্ক, 450/-. শিয়ালদহ, হাওড়া, বারাসাত, রাণাঘাট, মেমারী নৈহাটী। SL : 8617729513
SH

**BASE**
১০ বছরের বিশ্বস্ততা ও সততার বন্ধন। B.Ed, M.Ed (W.B, A.P), D.Ed / D.El.Ed (WB) Admission Started. M : 8585059747, 9051702807.
D

**সার্ভে ট্রেনিং (আমিন প্রশিক্ষণ)**
পরিচালনায় - দৌলতাবাদ শ্রী রামচন্দ্র সার্ভে ট্রেনিং সোসাইটি (গভঃ রেজিঃ)। Ph. : 9836296965. এপ্রিল-মার্চ সেশনে সপ্তাহে ১ দিন শনি/রবি ভর্তি চলিতেছে। প্রশিক্ষণ কেন্দ্র - মুকুলিকা স্কুল, ফতেপুর, ডায়মন্ড হারবার রোড, দঃ ২৪ পরগনা। হ্যাপি হোম স্কুল, ফুলেশ্বর, হাওড়া। নো হাউ, চন্দনপুর, হুগলী। অরবিন্দ শিক্ষা কেন্দ্র, সুতাহাটা, পূর্ব মেদিনীপুর। রামকৃষ্ণ মিলন মন্দির, রাধামোহনপুর, পঃ মেদিনীপুর।
SH

**S.A.M.T.R.I**
Admission Stared on B.Sc & GNM Nursing (INC), D.Pharma (PCI), ANM, DMLT, DPT, OT, Dialysis, ECG, ICU, Recog. By : VOUSE. Job Asst. Log on : www.samtri.co.in (M) : 9836350752.
SA

## কর্মখালি

**চাকরি পেতে একটি ফোনের অপেক্ষা। বেতন : (10600 - 28700)**
শহর থেকে গ্রামের প্রত্যেক কর্মপ্রার্থীদের জন্য বিনা ডোনেশনে চাকরি। যোগ্যতা অষ্টম - স্নাতক। পশ্চিমবঙ্গের প্রত্যেকটি জেলাতে স্থায়ী কাজ। অফিসিয়াল ও অন্যান্য পদে নিয়োগ চলছে। পোস্ট : S/V, অফিস বয়, ক্লার্ক, ইনচার্জ, পিওন, ATM গার্ড, PVT (BANK)-এ প্রচুর লোক প্রয়োজন। PF, ESI, OT, বোনাস, থাকা ও খাওয়া ফ্রী। যোগাযোগের সাথে সাথে কর্মপ্রার্থীকে লিখিতভাবে পোস্টিং এরিয়া জানানো হবে। AG - (M) 8348222418
SA (C)

**মার্চেন্ট নেভিতে চাকরি**
**PARK SHIPPING.**
**MOB:- 7797613485**
Govt. Regd. No.- 269687
সরাসরি যোগ্যতার ওপর নির্ভর করে জাহাজে চাকরি। যোগ্যতা (৮ম- স্নাতক), বয়স (17-42) বছরের মধ্যে। বেতন (16500/- - 52000/-) এর মধ্যে। বেতনের সাথে থাকা, খাওয়া খরচ, ইনসুরেন্স সমস্ত কিছু কোম্পানির। এছাড়া OT, ESI, PF, বোনাস, প্রমোশন এবং 5 মাসে 1 মাস ছুটি WITH SALARY পোস্টিং এরিয়া - কলকাতা, খিদিরপুর, হলদিয়া, মুম্বাই, গোয়া, চেন্নাই, আন্দামান, বিশাখাপত্তনম প্রভৃতি। দেশের মধ্যে নিজের পছন্দ মতো জায়গায় কাজ পেতে গেলে বায়োডাটা, ছবি, ও পরিচয় পত্র সহ যোগাযোগ করুন। ফর্ম 101 টাকা। অমিতমুখার্জী -7797613485.
SA (C)

## স্কুল-কলেজ-শিক্ষা

**Math, G.I, GK বেলঘরিয়া**
বারাসাত-CGL, রেল (Gr.D/SM) ব্যাঙ্ক (ক্লার্ক/PO), WBCS, PSC, 600PM. চন্দ্র স্যার-9903500682
R

**মাসে 400/-**
প্রচুর সাফল্য, Math, GI, GK, Eng Ex-RICE, PSC, স্টাফ সিঃ, রেল। A.R.-9804591884. গড়িয়া
SH

ঘরে বসে পাশ করুন মাধ্যমিক, HS, BA,MA, BEd, LLB,MBA, জার্নালিজম। কলকাতা, বারাসাত, বনগাঁ। ব্রিলিয়ান্ট -9333846400
R

Target Railway Exam Sanjoy Sir 9804513315 First month no fee Then 100 / Class or Mock, Dum Dum.
SH (C)

**B.Ed & M.Ed.**
**Ph.D, LLB, Pharmacy**
**Engg. & Management**
From UGC, NCTE, BCI, PCI, AICTE Apprived Universities.
এছাড়া সব বিষয়ে ডিগ্রি ও মাস্টার ডিগ্রি কোর্স (Regular & Distance)
Instalment-এর সুবিধা আছে।
যোগাযোগ : কলকাতা
7603004971 / 73
দুর্গাপুর : 9007829310
শিলিগুড়ি : 8370997985
সেন্টার নিতে : 7603004971

## কর্মখালি

**আর্জেন্ট ভ্যাকান্সি এয়ারপোর্ট ও মেট্রোতে**
কন্ট্রাক্টারের অধীনে স্থায়ী চাকরি সম্পূর্ণ বিনা ডোনেশনে অষ্টম - স্নাতক পর্যন্ত। বেতন : 12600/- – 42700/-. PF, ESI, OT-সহ থাকা ও খাওয়ার সুব্যবস্থা আছে। Mob : 7797610962.
SA

**জাহাজ ও বন্দরে চাকরি**
**GULF MARINE**
**Govt. L /C No: 662176**
সরাসরি যোগ্যতার ওপর নির্ভর করে জাহাজ ও বন্দরে পার্মানেন্ট চাকরি। যোগ্যতা (৮ম - স্নাতক), বয়স (17-42) এর মধ্যে। বেতন 17500/- – 55500/-. Direct Company-র পেরোলে। এখানে বেতনের সাথে খাওয়া-থাকা Company- র খরচ। এছাড়া সাথে PF, ESI, OT, বোনাস ও প্রমোশনের সুবিধা আছে। প্রত্যেক 5 মাস Duty করলে 1 মাসের ছুটি WITH SALARY. পোস্টিং এরিয়া - কলকাতা, খিদিরপুর, হলদিয়া, মুম্বাই, গোয়া, চেন্নাই, আন্দামান, কোচি ও বিশাখাপত্তনম। দেশের মধ্যে নিজের পছন্দ মতো জায়গায় কাজ পেতে গেলে শীঘ্রই BIO DATA, পরিচয় পত্র ও যোগ্যতার কাগজ পত্র-সহ যোগাযোগ করুন। ফর্ম 101 টাকা। M : 7797676092. গৌরব চ্যাটার্জী।
SA (C)

All disputes regarding sales and advertisement of all publications of Sangsthaan Prakashan Pvt. Ltd. are subject to Kolkata Jurisdiction only.

## স্কুল-কলেজ-শিক্ষা

LL.B (3 Yrs.), যে কোনো বয়সে। গ্র্যাজুয়েট/মাস্টার ডিগ্রি 45% নম্বর, SC/ST-40%, OBC-42%. পাশ 100%, 'ল' পয়েন্ট-9836922534
S

**নার্সিং ট্রেনিং**
ANM Nursing - (2 years). Installment-এর সুবিধা আছে। Approved by BSS / NSDC Govt. of India. Placement Assistance. রবীন্দ্র পাঠ ভবন, বেলঘরিয়া - 8335066915, কল্যাণী - 8335066916.
SA

**JAY ACADEMY**
**B.Ed., D.El.Ed. M.Ed., D. Pharma**
নার্সিং (ব্যাঙ্গালোর) ভর্তি চলছে
BA, MA, MCA MBA, H.S, MP (রেগুলার / ডিস্ট্যান্সে)
9073255047, 9073439421
সোনারপুর বাজার, কোন- 150
মহিলা কাউন্সিলর প্রয়োজন। সত্বর কল করুন।

**WBCS Prelim+Main At ICE Ballygunge**
Best Faculty, Study Mat & Mock Test. Sure Success! New Batch-9163191187.
R

TET, WBCS, WBSSC, স্কুল সার্ভিস, রেল, Bank, PSC, SSC. মাসে 500/-. শিয়ালদহ, কৃষ্ণনগর, রাণাঘাট, বড় জাগুলি, কাচরাপাড়া, শ্যামনগর। P.H - 7584006555.
LG

## কর্মখালি

**ফোন করলেই নিশ্চিত চাকরি কন্ট্রাক্টারের অধীনে Airport, মেট্রোরেল ও প্রাইভেট Bank সংস্থায়**
Govt. Regd. No. L/No. - WB - 6668. সম্পূর্ণ বিনা ডোনেশনে শিক্ষাগত যোগ্যতানুযায়ী স্ট্যাম্প পেপারে লিখিত-সহ কোম্পানির Direct পে-রোলে সরাসরি লোক নিয়োগ চলছে। যোগ্যতা - নামসই - স্নাতক। বেতন - (9500 – 48700)। সবকটি পদে OT, PF, ESI, ছুটি, বোনাস, প্রমোশন-সহ থাকা এবং খাওয়ার সুব্যবস্থা আছে। যোগাযোগ - 9734828617.
SA (C)

**মার্চেন্ট নেভিতে চাকরি**
**BRITISH MARINE**
**Govt. Regd. L/C No-220162**
গভঃ স্বীকৃত অফিস একমাত্র চাকরির সেরা ঠিকানা। দেশের বিভিন্ন স্থানে জাহাজে ও বন্দরে ছেলেদের জন্য জরুরি ভিত্তিক কাজের নিয়োগ চলছে। যোগ্যতা (৮ম- স্নাতক), বয়স (17-42), বেতন 18000/- – 52000/- পর্যন্ত। বেতনের সাথে থাকা-খাওয়া, PF, ESI, OT, বোনাস প্রমোশন-এর সুবিধা আছে। 5 মাস কাজ করলে 1 মাস ছুটি WITH SALARY পোস্টিং এরিয়া কলকাতা, খিদিরপুর, হলদিয়া, মুম্বাই, চেন্নাই, গোয়া, বিশাখাপত্তনম, পারাদ্বীপ, আন্দামান প্রভৃতি জায়গায় দেশের মধ্যে নিজের পছন্দ মতো জায়গায় কাজ করতে চাইলে অতি শীঘ্রই যোগাযোগ করুন পরিচয়পত্র ও যোগ্যতার কাগজ পত্র-সহ। যোগাযোগ করুন ফর্ম 101 টাকা। আদিত্য চ্যাটার্জী- 7797682401
SA (C)

## স্কুল-কলেজ-শিক্ষা

**Math & Eng সোনারপুর**
Rail (স্পেশাল), WBCS, SSC, প্রাইমারি, পুলিশ। সেকেন্ডে কৌশল। Alakesh Sir - 9836045234
SH

শেষ সুযোগ
**2017-18 নার্সিং ব্যাঙ্গালোর**
INC, KSNC দ্বারা স্বীকৃত
GNM, PB.BSc. ও other কোর্সে Male এবং Female Direct ভর্তি।
চাকরি সুনিশ্চিত
Students Call : 9163528048
For Franchisee : 9163292000

**KOUSHIK SIR'S**
MATH / G.I / ENG. / G.K Special : WBCS (+Main), Rail, SSC. M - 8981921114
SA

**B.Sc / GNM Nursing**
**B.Ed & M.Ed**
**Ph.D, LLB, D-Pharm**
এছাড়া সব বিষয়ে ডিগ্রি ও মাস্টার ডিগ্রি কোর্স, MP ও HS. ফোন : BIHS — 7583974952, 8373010007 (11AM-5 PM)
S

## কর্মখালি

**কন্ট্রাক্টারের অধীনে এয়ারপোর্ট ও Pvt. ব্যাঙ্কে PERMANENT JOB**
Govt. Regd. L. No. 793306. স্ট্যাম্প পেপারে লিখিত-সহ জয়েনিং-এর সুবিধা। যোগ্যতানুযায়ী পোস্টিং। বেতন : 15700 - 52600/-. PF, ESI, OT, বোনাস-সহ থাকা-খাওয়ার সুবিধা। পদ - গ্রাউন্ডস্টাফ, কার্গো কুক, SV, চেকিংবয়, লেবার, মেকানিক-সহ বিশদ জানতে ফোন করুন। BC - 7718159729.
SA

**দোহাই, আর ঠকবেন না**
বেকার ছেলেমেয়েরা যাতে না ঠকেন, সেজন্য ট্রেড লাইসেন্স-সহ যাবতীয় তথ্যাদি দেখে নিশ্চিন্ত হয়েই বিজ্ঞাপন নেওয়া হয়। তবু কিছু সংস্থা ড্রেস ও এখনই চাকরি দেওয়ার লোভ দেখিয়ে হাজার-হাজার টাকা নেওয়ার চেষ্টা করছেন বলে অভিযোগ আসছে। লোভে পড়ে টাকা দেবেন না। আর তা সত্বেও টাকা দিলে নিজ দায়িত্বেই দেবেন। তার জন্য আমরা দায়ী নই। বেশি টাকার চাহিদা শুনলেই সংস্থাটি ও ব্যক্তির নাম-ঠিকানা জানিয়ে লিখিত অভিযোগ স্থানীয় থানায় জানাবেন। এছাড়া পাঠাবেন এই ঠিকানায় : সি.আই.ডি. বিভাগ, ভবানী ভবন, আলিপুর, কলকাতা-২৭। কলকাতার সংস্থা হলে এই ঠিকানায় : ডি.সি., ডি.ডি. - ১, লালবাজার, ১৮, লালবাজার স্ট্রিট, কলকাতা-১। নিজ দায়িত্বে টাকা দেওয়ার পর আর ফোনে অভিযোগ জানাবেন না। যাবতীয় যোগাযোগ করতে পারেন টাকা দেওয়ার আগে।
— সম্পাদক, কর্মসংস্থান।

দরখাস্ত পাঠানোর আগে ফর্ম-সহ যাবতীয় প্রমাণপত্রের এক কপি জেরক্স নিজের কাছে রেখে দেবেন।

## স্কুল-কলেজ-শিক্ষা

**DIRECT ADMISSION**
MBBS/Nursing/D.Pharm/ LLB/Ph.D/M.Phil/D.ED/ B.Ed /M.Ed/BA/ MA / B.Sc /M.Sc/ B.Com/M.Com/BLIS/ MLIS/ MP/HS. বহরমপুর-8372057281
P

**মন্টেশ্বরী টিচার্স ট্রেনিং**
Pre Primary & Primary Teachers Training approved by (BSS Govt. of India) সরাসরি ভর্তি চলছে। রবীন্দ্র পাঠ ভবন - বেলঘরিয়া : 8335066915, কল্যাণী : 9432365899, শ্যামবাজার : 9830815220, টালিগঞ্জ : 9051074736, বালিগঞ্জ : 9831789536, বর্ধমান : 9475935165, 9474639105 আসানসোল : 9231877546, বালি : 9163573125.
SA

## স্কুল-কলেজ-শিক্ষা

চাকরির English মানেই কার্তিক স্যার -9830110281. Bank-30, CGL-180(Tier -II) নিশ্চিত। WBCS (Pre+Main), Bank etc. বেলঘরিয়া, গড়িয়াহাট, বগুলা।
R

## কর্মখালি

**PORISABA.COM**
Management Service Provider
সারা পশ্চিমবঙ্গে 250 টি শূন্যপদ আছে অভিজ্ঞ/অনভিজ্ঞ প্রার্থীর জন্য।
মার্কেটিং কো-অর্ডিনেটর যোগ্যতা- মাধ্যমিক, উচ্চমাধ্যমিক
ব্লক কো-অর্ডিনেটর যোগ্যতা-স্নাতক
ডিস্ট্রিক্ট কো-অর্ডিনেটর যোগ্যতা- স্নাতক, MBA
বেতন ক্রম: Rs.6000-35000
বয়স সীমা: 18-45 সব পদের ক্ষেত্রে
CV মেল করুন
porisaba2009@gmail.com
8017229849, 8017229259

## রাজ্য সরকারে ১৫৬

১ পাতার পর

মধ্যে। এই ওয়েবসাইটে : www.pscwbonline.gov.in, www.pscwbapplication.in এজন্য বৈধ একটি ই-মেল আইডি থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে। প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ২১০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ড কিংবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে, ৯ এপ্রিলের মধ্যে। এছাড়াও টাকা অফলাইনে দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে। টাকা জমা দিতে পারবেন ১০ এপ্রিলের মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

**ফর্ম — IV**
(রুল ৮'এর ধারা অনুসারে)
বাংলা সাপ্তাহিক সংবাদপত্র 'কর্মসংস্থান'এর মালিকানা ও অন্যান্য তথ্যাদি বিষয়ক বিবৃতি

| | | |
|---|---|---|
| ১। প্রকাশ-স্থান | : | কলকাতা |
| ২। প্রকাশনার পর্যায়বৃত্তি | : | সাপ্তাহিক |
| ৩। মুদ্রকের নাম | : | মৌসুমী ঘোষ |
| নাগরিকত্ব | : | ভারতীয় |
| ভারতীয় নাগরিক কিনা | : | হ্যাঁ |
| বিদেশী হলে মাতৃভূমির নাম | : | প্রযোজ্য নয় |
| ঠিকানা | : | বারুইপুর, দক্ষিণ ২৪ পরগণা |
| ৪। প্রকাশকের নাম | : | মৌসুমী ঘোষ |
| নাগরিকত্ব | : | ভারতীয় |
| ভারতীয় নাগরিক কিনা | : | হ্যাঁ |
| বিদেশী হলে মাতৃভূমির নাম | : | প্রযোজ্য নয় |
| ঠিকানা | : | বারুইপুর, দক্ষিণ ২৪ পরগণা |
| ৫। সম্পাদকের নাম | : | মৌসুমী ঘোষ |
| নাগরিকত্ব | : | ভারতীয় |
| ভারতীয় নাগরিক কিনা | : | হ্যাঁ |
| বিদেশী হলে মাতৃভূমির নাম | : | প্রযোজ্য নয় |
| ঠিকানা | : | বারুইপুর, দক্ষিণ ২৪ পরগণা |

৬। উক্ত সংবাদপত্রের মালিক : সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড ও অংশীদার অথবা শেয়ারহোল্ডার যাঁদের মোট মূলধনের এক শতাংশের বেশি শেয়ার রয়েছে, তাঁদের নাম, ঠিকানা : ১২/৩/৪ জামির লেন কলকাতা - ৭০০ ০১৯

২৮.০২.২০১৮ পর্যন্ত এই সংবাদপত্রের মালিক ও অংশীদার বা মোট মূলধনের এক শতাংশেরও বেশি শেয়ারের অধিকারীদের নাম ও ঠিকানা:
(১) মৌসুমী ঘোষ, ১২/৩/৪ জামির লেন, কলকাতা-১৯,
(২) শীর্ষতন্ময় ঘোষ, ১২/৩/৪ জামির লেন, কলকাতা-১৯.
(৩) অভিষেক বসু, ১২/৩/৪ জামির লেন, কলকাতা-১৯.
আমি, শ্রীমতী মৌসুমী ঘোষ এতদ্বারা ঘোষণা করছি যে উপরোক্ত তথ্যগুলি আমার জ্ঞান ও বিশ্বাস মতে সত্য।

মৌসুমী ঘোষ
তারিখ : ১ মার্চ, ২০১৮ প্রকাশকের স্বাক্ষর

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# রেল গ্রুপ- 'ডি' পদে ৬২,৯০৭টি শূন্যপদের জন্য কীভাবে প্রস্তুতি নেবেন

**মোট ১০০ নম্বরের লিখিত পরীক্ষা। পরীক্ষা জুন মাস নাগাদ। ২০১৪ সালের ২ নভেম্বরের পরে আবার এই পরীক্ষা। মাধ্যমিক যোগ্যতায় সম্পূর্ণ নতুন প্রজন্মের পরীক্ষার্থীরা এই চাকরি পাওয়ার উন্মাদনায় ভাসছে। ১০০ নম্বরের তিনটি বিষয়ের ওপর ঠিক কীভাবে প্রস্তুতি নিলে সফলতার স্বাদ পাবেন তার ওপর SCERT প্রশিক্ষিত স্কুল শিক্ষক কামাল হোসেনের বিশ্লেষণ ও প্রতিবেদন।**



১০০ নম্বরের সাধারণ জ্ঞান, অঙ্ক ও মেধা পরীক্ষা বা, জেনারেল ইন্টেলিজেন্সের পরীক্ষা। যাঁরা পরীক্ষা দিচ্ছেন, তাঁদের এই তিনটি বিষয়ের কমবেশি দক্ষতা আছে। কিন্তু শুধু দক্ষতা থাকলে সর্বভারতীয় পরীক্ষার্থীদের সঙ্গে শেষপর্যন্ত প্রতিযোগিতায় লড়াই করে সফলতার স্বাদ পাবেন বা, পিছিয়ে পড়বেন সেটার ওপর বেশি নজর দেওয়া উচিত। কেমন ধরণের প্রশ্ন বিগত সব বছরে এসেছে, কত পেলে তবে সফলতার শেষ ধাপে পৌঁছতে পারবেন ও কীভাবে প্রস্তুতি নেবেন তা প্রত্যেকটি বাঙালি পরীক্ষার্থীদের জানা খুবই প্রয়োজন। কারণ, তিন-চার মাসের প্রস্তুতির সময় পাবেন। তার মধ্যে এখনকার প্রজন্মের বাঙালি ১৮-৩২ বছরের চাকরির পরীক্ষার্থীরা কেউ বেসরকারি সংস্থায় কাজ করছেন, কেউবা বাড়িতে কৃষিকাজে সময় দিচ্ছেন। কেউবা হকারি বা, দিনমজুরি করছেন। আবার কেউ সারাদিন প্রাইভেট টিউশনি পড়াচ্ছেন। আবার অনেকে অন্য কোনো কোর্স করছেন। ফলস্বরূপ প্রস্তুতির উপযুক্ত প্রেক্ষাপট তৈরি করতে হিমশিম খাচ্ছেন। তাই সব কাজ বাঁচিয়ে ও নিজের বা, নিজের বাবা-মাকে দু'বেলা দু'মুঠো খেতে দেওয়ার কাজে নিযুক্ত থেকেও মাত্র ৪-৫ ঘন্টা পড়ে কীভাবে নিজের সেরাটুকু দেবেন তার ওপর কিছু গুরুত্বপূর্ণ বিশ্লেষণ করছি। সাধারণ জ্ঞানের শুরুও নেই, শেষও নেই। কী নেই সিলেবাসে? রাজ্য, দেশ, বিদেশ, পৃথিবী, পৃথিবীর বাইরে, মহাকাশ, ইতিহাস, ভূগোল, বিজ্ঞান, সংবিধান ইত্যাদি। তাহলে দেখা যাক কোন বিষয়গুলো বিগত বছর রেলের গ্রুপ-ডি পরীক্ষায় এসেছিল।

খুব সরল বলতে বোঝাতে চাইছি— মোগল সাম্রাজ্যের প্রতিষ্ঠাতা, পৃথিবীর দীর্ঘতম নদী, ভিন্ন রাজ্যের বর্তমান মুখ্যমন্ত্রী, রাতকানা রোগ হয় কোন ভিটামিনের অভাবে, পথের পাঁচালীর লেখক কে ইত্যাদি। বেশ কঠিন বলতে বোঝাতে চাইছি— ক্ষুদিরামের ফাঁসি কোন সালের কত তারিখে হয়, চোখের পাতা নাচে কেন, বিজক গ্রন্থটি কে লেখেন, SPM এর পুরো নাম কী, মানবদেহে ক্যালশিয়ামের পরিমাণ কত ইত্যাদি। তাই সাধারণ জ্ঞানের ওপর বেশি ও সুন্দর জ্ঞানার্জনের জন্য অবশ্যই মাধ্যমিকের টেক্সট বই ও কর্মসংস্থান সাপ্তাহিক পত্রিকার নানা ধরণের সাধারণ জ্ঞান পড়লে নিশ্চিত উপকার পাবেন। খুব সরল প্রশ্নগুলো ষষ্ঠ, সপ্তম ও অষ্টম শ্রেণির পাঠ্যপুস্তক থেকে আসছে। এবার অঙ্ক ও জেনারেল ইন্টেলিজেন্সের ওপর বিশ্লেষণে নজর রাখুন। অঙ্ক ১৮-২০টি করে আসছে ও জেনারেল ইন্টেলিজেন্স মাত্র ১০-১২টি। অঙ্কের ভালো প্রস্তুতির জন্য অবশ্যই অষ্টম, নবম ও দশম শ্রেণির সব অঙ্ক সমাধান করলে সফল হবেন বা, কর্মসংস্থান সাপ্তাহিক পত্রিকায় যেসব অঙ্ক ও জেনারেল ইন্টেলিজেন্স প্রতি সংখ্যায় থাকে, তা অভ্যাস করলে নিজেকে অনেক হালকা লাগতে পারে।

## কীভাবে প্রস্তুতি নেবেন

রাজ্যের ১০০% চাকরির পরীক্ষার্থীরা পড়াশোনা করে 'Hard Study' এর উপায় অবলম্বন করে। যা দুঃখ কষ্ট ও বারবার ব্যর্থ জীবনের যন্ত্রণাকে আরও অসহনীয় করে দিচ্ছে। বারবার একই সাধারণ জ্ঞান পড়ছেন, আর বারবার ভুলে যাচ্ছেন। কিন্তু

| সাল | ইতিহাস | ভূগোল | বিজ্ঞান | সংবিধান | স্বাধীনতা সংগ্রাম | প্রচলিত সাধারণ জ্ঞান | সাম্প্রতিক ঘটনাবলী | মোট প্রশ্ন |
|---|---|---|---|---|---|---|---|---|
| ২০১৪ | ১৩ | ৯ | ২১ | ৪ | ৮ | ১৩ | ২ | ৭০ |
| ২০০৯ | ১১ | ১০ | ২০ | ৩ | ৯ | ১৫ | ২ | ৭০ |
| ২০০৭ | ১০ | ১১ | ২২ | ২ | ১০ | ১৬ | ১ | ৭২ |
| ২০০১/২ | ৮ | ১০ | ২৫ | ৩ | ৮ | ১৫ | ২ | ৭১ |

বিগত ৪ বছরের সাধারণ জ্ঞানের প্রশ্ন (স্মৃতি থেকে) পরিষ্কার বোঝা যাচ্ছে যে, পরীক্ষার্থীদের বিজ্ঞানের ওপর বেশি জোর দিতে হবে। সেইসঙ্গে প্রচলিত সাধারণ জ্ঞানেও দক্ষতা থাকতে হবে। পরীক্ষার্থীদের মাধ্যমিকের ইতিহাস, ভূগোল, বিজ্ঞান ও উচ্চ মাধ্যমিকের প্রাথমিক সংবিধানের ওপর ভালো জ্ঞান থাকলে তবেই সফল হতে পারবেন। প্রচলিত সাধারণ জ্ঞান বলতে যেগুলো বোঝায়, তা এসেছে দেশের রাজধানী, মুদ্রা, গুরুত্বপূর্ণ সৌধ, নদী ও শহর গুরুত্বপূর্ণ বই ও লেখক, আবিষ্কার ইত্যাদি। এবারে বিশ্লেষণ করলাম সাধারণ জ্ঞানের প্রশ্ন কেমন ধরণের হয়।

ব্যক্তিগতভাগে আমি 'Smart Study' তে বিশ্বাসী। অর্থাৎ, কোনো কষ্ট ছাড়া পড়া মনে রাখার অবিশ্বাস্য কৌশল। এই 'Smart Study'এর বৈশিষ্ট্য হল, আপনি কোনো সাধারণ জ্ঞান ভুলতে চাইলেও 'Smart Study' ভুলতে দেবে না কোনোদিন। যেমন — খুবই গুরুত্বপূর্ণ একটি সাধারণ জ্ঞান মনে রাখার জন্য 'Smart Study' তে কীভাবে পড়বেন জানুন। 'চাল গবেষণাগার কেন্দ্রটি ভারতের কোন শহরে অবস্থিত?' উত্তর হবে কটক। এই প্রশ্নটি রাজ্য ও কেন্দ্র ও রেলের পরীক্ষায় অনেকবার এসেছে। এটার 'Smart Study' দেখুন — চাল যদি আপনি খান বা চিবোন তাহলে 'কট কট' করে শব্দ হবে। এই 'কট' থেকে সহজে মনে রাখতে পারবেন 'কটক'। যা একবার পড়লে জীবনে কোনোদিনও ভুলবেন না। বাড়িতে, দোকানে, পথে যেখানে আপনি চাল দেখবেন সঙ্গে সঙ্গে আপনার কট কট বা, কটক কথাটি মনে পড়বে। এমনই বহু সাধারণ জ্ঞান 'Smart Study' করে পড়তে পারেন। এই পরীক্ষা যেহেতু সর্বভারতীয় স্তরের তাই বিভিন্ন জোনে বিভিন্ন কাট অফ মার্কস একটি বিশেষ পদ্ধতির মাধ্যমে স্থির করে রেল বোর্ড। পরীক্ষা যেহেতু অনলাইনে হবে, তাই ভিন্ন জোনের প্রশ্নও সরল বা, মাঝারি বা, কঠিন হতে পারে। যা বিগত বছরের প্রশ্ন থেকে বোঝা যাচ্ছে। যেমন ধরুন —কেউ কোনো জোনের প্রথম দিকের পরীক্ষায় মোট উত্তর করলেন ১০০র মধ্যে ৮৭টি। কিন্তু ভুল করলেন ১২টি। আবার ওই একই জোনে অন্যদিনের পরীক্ষায় অন্য একজন মোট উত্তর করলেন ৬৫টি কিন্তু একটিও ভুল করলেন না। রেল বোর্ডের বিগত বছরের 'কাট অফ মার্কস' এর বিশ্লেষণ প্রমাণ করছে যে, দ্বিতীয় পরীক্ষার্থী যিনি ৬৫টি উত্তর করেছেন তিনি কিন্তু প্রথম পরীক্ষার্থী, যিনি ৮৫টি উত্তর করেছেন তার থেকে এগিয়ে থাকবেন।

পশ্চিমবঙ্গের বিগত বছরের পরীক্ষার্থীদের সঙ্গে সরাসরি আলোচনা করে জানা যাচ্ছে, জেনারেল পরীক্ষার্থীরা ৯০এর ওপর সঠিক উত্তর করলে তবে লিখিত পরীক্ষায় সফল হওয়ার সম্ভাবনা। অবশ্যই কোনো ভুল না করলে। তবে এখন পশ্চিমবঙ্গে OBC A/B এর পরীক্ষার্থীর সংখ্যা প্রচুর। তাই OBC এর প্রায় জেনারেলের থেকে কয়েক নম্বর কম-বেশি পেলেই তবে লিখিত পরীক্ষায় সফল হওয়ার সম্ভাবনা। তুলনামূলকভাবে SC/ST দের রেলের গ্রুপ-ডি পরীক্ষায় জেনারেলদের থেকে ১০-১৫ নম্বর কম পেলেও সফল হবেন বলে বিশেষজ্ঞদের মত।

পরিশেষে বলা যায়, শুধু প্রস্তুতি নিলেই এখন কিন্তু চাকরির পরীক্ষার্থীরা সফল হতে পারবেন না। চাই মানসিক ভারসাম্য-সহ প্রস্তুতি, জীবন ভালো ও মন্দে ভরা। কিন্তু যাঁর জীবনে ভালোর প্রাবল্য থাকবে তিনিই সফল হবেন। আপনিও জীবনযুদ্ধে প্রায় ক্লান্ত, সুখের আশা করতে করতে দুঃখে ভরে গেছে জীবন। জীবনে আপনার ভুল ও দুঃখ থাকবেই। জীবনে চাকরির পরীক্ষার গতিপথের বাঁকে বাঁকে দুঃখ ও ভুলের সঙ্গে সাক্ষাৎ হবেই। এটাই প্রকৃতির নিয়ম। কিন্তু ভুল ও দুঃখের ও ব্যর্থতায় ঝরে যাওয়া পাপড়ির মধ্যে আপনাকে নতুন উদ্যম নিয়ে সুভাষিত প্রস্তুতির মধ্যে ঘুরে দাঁড়াতেই হবে। অন্ধকারের উৎস হতে সফলতার আলো খুঁজুন। প্রস্তুতির বরণডালা দিয়ে পুরনো অভ্যাসে আর আটকে থাকবেন না। নতুন অভ্যাস দিয়ে প্রচলিত ধারণা ও অভ্যাসকে আঘাত হানুন — সফল হবেনই।

১৩২ পাতার
দাম ২৫ টাকা
কর্মসংস্থান গোষ্ঠীর
সাফল্য
মার্চ সংখ্যা
বেরিয়েছে
রেলের গ্রুপ 'ডি' পরীক্ষার
৫ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
আবগারি দফতরে সাব-ইন্সপেক্টর
পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
রেলের ড্রাইভার ও টেকনিশিয়ান
পদের পরীক্ষার ২ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
স্টেট ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার ক্লার্ক
পরীক্ষার ১ সেট সম্ভাব্য প্রশ্নোত্তর
কী করে ইংরিজি বলা শিখবেন
ভারতীয় সংবিধান ও ইংরিজি নিবন্ধ
G.I ও অঙ্কের নিমেষে উত্তর করার কৌশল

# ন্যাশনাল স্কুল অফ ড্রামায় নাট্যশিল্প সংক্রান্ত ডিপ্লোমা কোর্স

কেন্দ্রীয় সরকারের সংস্কৃতি মন্ত্রকের অধীন নয়া দিল্লির ন্যাশনাল স্কুল অফ ড্রামা ২০১৮-'২১ সেশনের জন্য নাট্যশিল্প কলা সংক্রান্ত ৩ বছরের ডিপ্লোমা কোর্সে ভরতির জন্য দরখাস্ত জমা নিচ্ছে। কোর্স শুরু হবে ২৬ জুলাই থেকে। এই ট্রেনিংয়ের মূল উদ্দেশ্য হল ছেলেমেয়েদের নাটকে অভিনয়, ডিজাইনিং, নির্দেশনা ও নাট্য সংক্রান্ত অন্যান্য বিষয়ে পেশাদার হিসাবে গড়ে তোলা। যে কোনো শাখার ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা ৬টি নাট্য প্রযোজনায় অংশগ্রহণ করে থাকলে ও হিন্দি বা, ইংরিজিতে কাজ চালানোর মতো জ্ঞান থাকলে আবেদন করতে পারেন। বাঞ্ছনীয় যোগ্যতার মধ্যে লাগবে : (১) ৩ জন থিয়েটার বিশেষজ্ঞের সুপারিশ, (২) নাটকের কাজে অভিজ্ঞতার প্রমাণপত্র। বয়স হতে হবে ১-৭-২০১৮'এর হিসাবে ১৮ থেকে ৩০ বছরের মধ্যে। তপশিলী সম্প্রদায়ের ছেলেমেয়েরা যথারীতি ৫ বছরের ছাড় পাবেন। মোট ২৬টি সীটের মধ্যে ৪টি সীট তপশিলী জাতিদের জন্য, ২টি সীট তপশিলী উপজাতিদের জন্য আর ৭টি ও.বি.সি সম্প্রদায়ের জন্য সংরক্ষিত। প্রার্থী বাছাই করা হবে ২টি পর্যায়ে। প্রথমে নেওয়া হবে প্রিলিমিনারি পরীক্ষা। সফল হলে প্রার্থীদের অডিশন দিতে হবে। প্রিলিমিনারি / অডিশন নেওয়া হবে সারা দেশের ১২টি কেন্দ্রে। কলকাতা কেন্দ্রে পরীক্ষা হবে ১৬, ১৭ ও ১৮ মে। এছাড়াও পরীক্ষা হবে জয়পুর, চন্ডিগড়, লক্ষ্ণৌ, পটনা, ভুবনেশ্বর, গুয়াহাটি, চেন্নাই, বেঙ্গালউরু, মুম্বাই, ভোপাল ও দিল্লিতে। কবে, কোন কেন্দ্রে পরীক্ষা নেওয়া হবে জানতে পারবেন ওয়েবসাইটে। প্রিলিমিনারি / অডিশন টেস্ট'এর জন্য স্টাডি মেটেরিয়ালস ও গাইড লানি পাবেন নির্ধারিত ওয়েবসাইটে। সফল হওয়ার পর প্রার্থীদের ৫ দিনের একটি ওয়ার্কশপে অংশগ্রহণ করতে হবে। এই ওয়ার্কশপ হবে ন্যাশনাল স্কুল অফ ড্রামার ক্যাম্পাসে। ২৬ থেকে ৩০ জুন পর্যন্ত ওয়ার্কশপ চলবে। এরজন্য প্রার্থীদের দেওয়া হবে ডি.এ ও ট্রেন বা, বাসে যাতায়াতের জন্য টু-টায়ার স্লিপার ক্লাসের ভাড়া দেওয়া হবে। চূড়ান্ত পর্যায়ে প্রার্থী বাছাই করবেন বিশেষজ্ঞরা। লিখিত ও অডিশনে সফল হওয়ার পর প্রার্থীদের শারীরিক সক্ষমতার জন্য ডাক্তারি পরীক্ষা করা হবে। বাছাই প্রার্থীদের পড়াশুনা ও অন্যান্য খরচের জন্য মাসে ৮ হাজার টাকা করে স্টাইপেন্ড দেওয়া হবে।

দরখাস্ত করতে পারেন নিচের যে কোনো একটি পদ্ধতিতে : (১) অনলাইনে। অনলাইনে ফর্ম পাবেন ও জমা দেবেন এই ওয়েবসাইটের মাধ্যমে : www.onlineadmission.nsd.gov.in পূরণ-করা দরখাস্তের সঙ্গে জমা দিতে হবে যাবতীয় নথিপত্র ও ফী বাবদ ৫০ টাকা। অনলাইনে ফর্ম জমা দেওয়ার শেষ দিন ১৬ এপ্রিল। (২) দরখাস্তের ফর্ম ডাউনলোড করতে পারেন এই ওয়েবসাইট থেকে : www.nsd.gov.in ফর্মের সঙ্গে পাঠাতে ১৫০ টাকার ডিমান্ড ড্রাফট। ড্রাফট পাঠাবেন 'Director, National School of Drama'এর অনুকূলে ও পেয়েবল অ্যাট লিখবেন 'নিউদিল্লি'। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন APPLICATION FOR ADMISSION 2018–'21. ডিমান্ড ড্রাফট বা, পোস্টাল অর্ডার ছাড়া খাম গ্রহণ করা হবে না। (৩) ন্যাশনাল স্কুল অফ ড্রামা থেকে ১৫০ টাকার বিনিময়ে সরাসরি ফর্ম ও প্রস্পেক্টাস পেতে পারেন। ফর্ম ও প্রস্পেক্টাস পাবেন যে কোনো কাজের দিন সকাল ১০টা থেকে ১টা ও দুপুর ২টো থেকে ৫টার মধ্যে। ফর্ম দেওয়া হবে ও দরখাস্ত জমা দিতে হবে ১৬ এপ্রিলের মধ্যে। (৪) ডাকযোগে ফর্ম ও প্রস্পেক্টাস পেতে পারেন। এক্ষেত্রে ২২৫ টাকার ক্রসড ডিমান্ড ড্রাফট বা, পোস্টাল অর্ডার পাঠাতে হবে National School of Drama'র অনুকূলে। ফর্ম পেতে চাইলে ও জমা দিতে হবে এই ঠিকানায় : The Dean, Academic National School of Drama, Bahawalpur House, Bhagwandas Road, New Delhi : 110001. ফর্ম পেতে চাইলে আবেদন করতে হবে ২৮ মার্চের মধ্যে। বিস্তারিত তথ্য পাবেন ওপরের ওয়েবসাইটে।

# ট্যুরিজম ও ট্রাভেল ম্যানেজমেন্টের এম.বি.এ কোর্স

কেন্দ্রীয় সরকারের পর্যটন মন্ত্রকের অধীন ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ট্যুরিজম অ্যান্ড ট্রাভেল ম্যানেজমেন্ট ট্যুরিজম ও ট্রাভেল ম্যানেজমেন্টের বি.বি.এ ও এম.বি.এ কোর্সে ভরতি নিচ্ছে। যে কোনো শাখার উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা বি.বি.এ কোর্সে ও ডিগ্রি কোর্স পাশ ছেলেমেয়েরা এম.বি.এ কোর্সে ভরতির জন্য আবেদন করতে পারেন। ২টি কোর্স ইন্দিরা গান্ধী ন্যাশনাল ট্রাইবাল ইউনিভার্সিটি স্বীকৃত। এই সংস্থার কেন্দ্র আছে গোয়ালিয়র, ভুবনেশ্বর, নয়ডা, নেলোর। ১৫ মে'র মধ্যে অনলাইনে রেজিস্ট্রেশন করতে হবে এই ওয়েবসাইটে : www.iittm.ac.in কোর্স শেষে প্লেসমেন্টের সাহায্য করা হয়। যোগাযোগের ঠিকানা : Indian Institute of Tourism And Travel Management, Govindpuri, Gwalior, Ph. : 09425407607, 07205146285.

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## কর্মখালি [redacted]

ঘরে বসে নো টার্গেটে হাতে লিখে বা কম্পিউটারে বই কপি, ফর্ম ফিলাপ, কপি পেস্ট, Excel, ব্রাঞ্চ খুলে আয়। A.S, দমদম - 9051743236.

SH

### SBI/DTH/VODA কাস্ট কেয়ারে বাংলাভাষী নিয়োগ

কল রিসিভ করার জন্য (১৮-৩৫), MP-Post Graduate ছেলেমেয়েদের স্পট জয়েনিং চলছে। বেতন- যোগ্যতানুসারে Inc+OT Bonus সহ10,950 + অন্যান্য সুবিধা। IIFA, Kol-28. দমদম(H.O.): 8420666060, বর্ধমান : 9830188881, নিউটাউন -8481882144, গড়িয়া : 9002033880, দমদম (উঃ) : 9903223211, বারাসাত :9831281313, দুর্গাপুর : 8250223892.

R

### স্থায়ী চাকরি

জেলায় জেলায় ATM গার্ড, টাওয়ার Co., নার্সিংহোম, প্রাইভেট Co., হোটেল, শোরুমে কাজের জন্য কর্মী চাই। বেতন : ১২৫০০ - ১৮৫০০। R.J.S- (M)-8436485750.

SA

### সরাসরি নিয়োগ

প্রতিটি জেলায় টাওয়ার Co., রোড সার্ভে, ATM, বিভিন্ন অফিসে কাজের জন্য কর্মী চাই। বেতন - ১২৫০০ - ১৮৫০০। M : 8348727948.

SA

### নো ডোনেশন স্থায়ী কাজ

নিজ জেলায় প্রাইভেট হাসপাতাল, নার্সিংহোম ও টাওয়ার সংস্থায় বিভিন্ন পদের জন্য প্রচুর কর্মী চাই। বেতন (১২৫০০ - ১৮৫০০)। ESI, PF, OT, বোনাস-সহ সমস্ত সুবিধা আছে। M - 9734700739.

SA

### জাহাজে চাকরি TREDEX MARINE যশোর রোড কলি - 52

Direct Recruitment Govt. Regd. No. S/IL 52147. সরকারি নিয়ম অনুযায়ী Company-র Pay Roll-এ মেডিকেল ফিট কর্মপ্রার্থীদের যোগ্যতার ওপর নির্ভর করে দেশের জাহাজে হলদিয়া, পারাদ্বীপ, বিশাখাপত্তনম, আন্দামান, মুম্বাই, গোয়া, চেন্নাই-সহ ভারতবর্ষের বিভিন্ন বন্দর অঞ্চলে জরুরিভিত্তিক নিয়োগ চলছে। বয়স : 17 থেকে 42-এর মধ্যে 14700/- – 52300/- - এর মধ্যে। এছাড়াও PF, ESI, OT, বোনাস-এর সুবিধা থাকবে। 90 দিন Duty করলে 28 দিন ছুটি with Salary. থাকা-খাওয়া ও যাতায়াত খরচ কোম্পানির। ইচ্ছুক ব্যক্তিরা Bio-Data, Photo Id. proof, School Certficate-সহ নিজে যোগাযোগ করুন। সৌভিক সাহা - M - 9733445397

SA

শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন
কম খরচায় বেশি লাভ
দেখে, বুঝে পা ফেলুন

## কর্মখালি [redacted]

স্টার হোটেলে স্থায়ী পদের জন্য 18 উর্দ্ধে ছেলে ও মেয়ে লাগবে। বেতন : 6–18300/- সঙ্গে থাকা ও খাওয়া ফ্রী। বহরমপুর - 8768057425.

RC

### JOB! JOB! JOB!

কলকাতা ও জেলাভিত্তিক 102 জন ম্যানেজার ও উচ্চপদে নিয়োগ। আয় : 7500/- – 18500/- (থাকা ফ্রী)। সত্বর : উল্টোডাঙ্গা - 2355-2007, 8697565808.

SG

SBI / JIO / Voda কাস্টমার কেয়ারে বাংলাভাষী M/F চাই। বেতন : INC+OT-সহ 10500/-. M - 9836871040.

B

### জাহাজে চাকরি T.M.S. ALL INDIA যশোর রোড, কলি- 52

Govt. Regd. S/IL-52147 সরাসরি যোগ্যতার ওপর নির্ভর করে Medical fit কর্মপ্রার্থীদের কোম্পানির পে-রোলে দেশের জাহাজে ও বন্দর অঞ্চলে জরুরিভিত্তিতে নিয়োগ চলছে। যোগ্যতা ৮ম- স্নাতক, বয়স হতে হবে 17–42- এর মধ্যে। বেতন 14700/- –52000/- - এর মধ্যে যোগ্যতানুযায়ী পদ ও বেতন। PF, ESI, OT Bouns-এর সুব্যবস্থা থাকবে। এছাড়া 90 দিন Duty করলে ২৪ দিন ছুটি with Salary. থাকা, খাওয়া ও যাতায়াত খরচ কোম্পানীর। ইচ্ছুক ব্যক্তিরা বায়োডাটা, পরিচয়পত্র, স্কুল সার্টিফিকেট ও ছবি-সহ নিজে যোগাযোগ করুন। এজেন্ট স্বাগত, বিস্তারিত আরও জানতে কথা বলুন। M - 9733441698.

SA

Pvt. ব্যাঙ্কের অফিসিয়াল পদে প্রার্থী চাই (NC)। বারাসাত / বনগাঁ - 8017418654, মধ্যমগ্রাম / বসিরহাট - 8420888113, ব্যারাকপুর /সোদপুর - 9748494791, নৈহাটি / কল্যাণী- 7449702185, হাওড়া / হুগলী - 8583865904, শ্রীরামপুর / ব্যাণ্ডেল - 8697595917, গড়িয়া / সোনারপুর - 8697616060, বারুইপুর / শিয়ালদহ - 8697616100.

R

প্রতি শনিবারের
কর্মসংস্থান
এখন প্রতি বৃহস্পতিবার বেরোয়
বিজ্ঞাপন দিতে হবে ১ সপ্তাহ আগে শনিবারের মধ্যে বিজ্ঞাপন জমা না দিতে পারলে, ওই বিজ্ঞাপন বেরোনোর নিশ্চয়তা বিষয়ে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।
আগামী ৩১ মার্চ সংখ্যায় বিজ্ঞাপন বের করতে হলে, বিজ্ঞাপন জমা দিতে হবে ২৪ মার্চ, বিকেল ৫টার মধ্যে।
একমাত্র পত্রিকা দপ্তরে।
প্রতি রবিবার অফিস বন্ধ।

## কর্মখালি [redacted]

স্টার হোটেলে স্থায়ীপদে ট্রেনিং দিয়ে লিখিত গ্যারান্টি-সহ চাকরি। থাকা খাওয়া উচ্চবেতন। BIHM, শান্তিনিকেতন- 9474833208.

UM

### হোটেলে 8200 -16700/-

3–5 স্টার হোটেলে স্থায়ী পদে FREE থাকা-খাওয়া-সহ বিভিন্ন পদে প্রচুর কাজের সুযোগ। PRIDE, Kol. : 9831343039, বহরমপুর : 9748835074, বীরভূম : 9609908663.

P

### যোগ্যতানুযায়ী কাজ

নিজ জেলায় প্রাইভেট হাসপাতাল, নার্সিংহোম, BANK (DSA) ও টাওয়ার Co. তে বিভিন্ন পদে কাজের জন্য কর্মী চাই। বেতন (৯৫০০ - ২২৫০০)। M - 8371817593.

SA

সরাসরি ব্যাঙ্কে ফ্রন্ট ও ব্যাক অফিস, পিওন ও ক্লার্ক পদে প্রচুর প্রার্থী চাই। SCS - বনগাঁ / বারাসাত - 8276801422, 8335963681, নৈহাটি / ব্যারাকপুর - 9073145817, 8981630701, হাওড়া / হুগলি - 9874757021, 8481032673, ব্যান্ডেল / আরামবাগ - 8334896736, 8276814593, সোনারপুর / বালিগঞ্জ - 8621074312, 7059879018, বেহালা / বজবজ - 8697046169, 8420471831.

CM

এক জানালায়
বীরভূম, মুর্শিদাবাদ, মালদা, পুরুলিয়া, বাঁকুড়ার জন্য
কর্মসংস্থান, সংবাদ ও Appointment & Career News -এর
বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র

বীরভূম ও মুর্শিদাবাদ
UNIQUE MEDIA CHANNEL
"Uttaran", Vivekananda Pally, (Near Vivekananda High School), Bolpur-Santiniketan, Birbhum, PIN -731204, W.B.
Mob:9051120373 / 9531785874
" MANJURI" KALIBARI MORE ( EAST SIDE), KANDI, MURSHIDABAD PIN - 742137
Mob : 9531785874 / 9051120373
Email : bkrishnapal@gmail.com

মুর্শিদাবাদ ও মালদা
Add Tech Solution
N23, K.N. Road, 3rd Floor, Block-A Church More, MMC, Berhampore, PIN - 742 101
Mob. : 8001277337
Email : addtechwb@gmail.com
addtechmail@gmail.com

পুরুলিয়া ও বাঁকুড়া
Manorama Ad Agency
Manorama Collection, P.N.Ghosh Street, Purulia - 723 101
Mob. : 9434219781/9851559301
Email : manoramaadagency@gmail.com
kunaldutta858@gmail.com

উত্তর কলকাতা
SUPRIYA PUBLICITY
100, Aurobindo Sarani, Room No. E-15 Hatibagan, Kolkata - 700 006
Mob. : 9830261403
Ph. : 033 2533 5320
Email : ashimchowdhury12@gmail.com

সংস্থান প্রকাশনের বিজ্ঞাপন গ্রহণ কেন্দ্র খোলার জন্য আবেদন করুন এই ই-মেল আইডিতে
appointmentnews@gmail.com
অথবা
যোগাযোগ করুন এই নম্বরে - 9874922004

## কর্মখালি [redacted]

### বাগনান, রামতারক ও তমলুক যুব কম্পিউটারে

Receptionist (F), Hardware, Mob. Repairing ও DITA শেখানোর Faculty (M/F) চাই। সত্ত্বর ফোন করুন : 9593379332.

S

Airtel কাস্টঃ কেয়ারে M/F নিয়োগ চলছে। বেতন - 9600/- + OT + PF + মেস। HR Ritu - 9804153204

B

## কর্মখালি [redacted]

প্রাইভেট নার্সিংহোম / হাসপাতালে প্রচুর নার্স প্রয়োজন। অভিজ্ঞ / অনভিজ্ঞ সকলেই যোগাযোগ করতে পারেন। বেতন - ৭ - ১৮ হাজার। Mob : 9073650001.

B

### স্থায়ী কাজ

3 স্টার 5 স্টার হোটেলে কাজের জন্য কর্মী চাই। (বেতন ১৪৫০০ - ২৫৫০০)। M : 8697456315

SA

## কৃষ্ণনগর পুরসভা

১ পাতার পর

**ক্লার্ক :** উচ্চমাধ্যমিক পাশরা টাইপিং ও কম্পিউটারে জ্ঞান থাকলে যোগ্য। উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৬০০ টাকা। শূন্যপদ : ১৯টি (জেনাঃ ১১, তঃজাঃ ৫, তঃউঃজাঃ ১, ও.বি.সি. - এ ক্যাটেগরি ১, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১)।

**পাম্প অপারেটর :** মাধ্যমিক পাশরা ইলেক্ট্রিক্যাল ওয়ার্কম্যানশিপের সার্টিফিকেট কোর্স পাশ হলে আর ইলেক্ট্রিক্যাল ওয়ার্কম্যানশিপে অন্তত ৩ বছরের অভিজ্ঞতা থাকলে যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৩০০ টাকা। শূন্যপদ : ৬টি (জেনাঃ ৪, তঃজাঃ ১, ও.বি.সি. এ ক্যাটেগরি ১)।

**টোল কালেক্টর :** মাধ্যমিক পাশরা টাইপিং ও কম্পিউটারে জ্ঞান থাকলে যোগ্য। উচ্চ শিক্ষাগত যোগ্যতা থাকলেও যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ১,৯০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃউঃজাঃ ১)।

**স্যানিটরি অ্যাসিস্ট্যান্ট :** মাধ্যমিক পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা ও গ্রেড পে ২,৬০০ টাকা। শূন্যপদ : ৪টি (জেনাঃ ২, তঃজাঃ ১, ও.বি.সি. - বি ক্যাটেগরি ১)।

**মজদুর :** ক্লাস এইট পাশরা যোগ্য। রাস্তা ও নর্দমা পরিষ্কারের কাজে দক্ষতা থাকতে হবে। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ২৭টি (জেনাঃ ১৩, তঃজাঃ ৬, তঃউঃজাঃ ২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৩, ও.বি.সি.-বি ক্যাটেগরি ৩)।

**পিওন :** ক্লাস এইট পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ৩টি (জেনাঃ ২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ১)।

**হেল্পার :** ক্লাস এইট পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ৫টি (জেনাঃ ৩, তঃজাঃ ১, তঃউঃজাঃ ১)।

**ইলেক্ট্রিক হেল্পার :** ক্লাস এইট পাশরা যোগ্য। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। মূল মাইনে : ৪,৯০০-১৬,২০০ টাকা ও গ্রেড পে ১,৭০০ টাকা। শূন্যপদ : ২টি (জেনাঃ ১, তঃজাঃ ১)।

ওপরের সব পদের বেলায় বয়স গুণতে হবে ১-৩-২০১৮'র হিসাবে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। এই পদের বিজ্ঞপ্তি নং : 4286/8-1/18, Date 16-3-2018.

প্রার্থী বাছাই হবে লিখিত পরীক্ষা বা, ইন্টারভিউয়ের মাধ্যমে। ক্লার্ক পদের বেলায় এরপর কম্পিউটার ও টাইপিং টেস্ট হবে।

দরখাস্ত করবেন নিচের ফর্মে। এছাড়াও দরখাস্তের ফর্ম-সহ বিস্তারিত তথ্য পাবেন এই ওয়েবসাইটে : www.krishnanagarmunicipality.com তখন সঙ্গে দেবেন : (১) বয়স, শিক্ষাগত যোগ্যতা ও কাস্ট সার্টিফিকেটের স্ব-প্রত্যয়িত নকল, (২) এখনকার তোলা ও নিজের সই করা ১ কপি পাশপোর্ট মাপের রঙিন ফটো (দরখাস্তের নির্দিষ্ট জায়গায় গেঁথে)। দরখাস্ত-ভরা খামের ওপর লিখবেন Application for the post of....'. দরখাস্ত পৌঁছনো চাই ২ এপ্রিলের মধ্যে। এই ঠিকানায় : The Chairman, Krishnanagar Municipality, R.N. Tagore Road, P.O. - Krishnanagar, Dist. Nadia, Pin - 741101.

### APPLICATION FORM

To
The Chairman
Krishnanagar Municipality
R.N. Tagore Road
P.O.- Krishnanagar,
Dist.- Nadia, Pin.-741101

Photo Passport size Photograph to be pasted with full signature

Sub : Application for the post of..............................
in Krishnanagar Municipality.

Sir,
In terms of your Employment Notice No 4286/8-1/18 dated 16-03-2018. I do hereby apply for the Post of ....................
My relevant particulars are furnished below:-

1) Name (IN CAPITAL LETTER):

2) Father's/Husband's Name (IN CAPITAL LETTER):

3) Gender: Male / Female / Others

4) Date of Birth:

| D | D | M | M | Y | Y | Y | Y |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |

5) Nationality:

6) Category : Pl. tick in the appropriate box

| General | SC | ST | OBC-A | OBC-B |
|---|---|---|---|---|
| | | | | |

7) Address :
7.1. Address for Correspondence (IN CAPITAL LETTER):
..............................
Town/City: .............................. State ....................
PIN..............................
7.2 Permanent Address (IN CAPITAL LETTER):
..............................
Town/City: .............................. State ....................
PIN..............................

8) Contact Details: i) Mobile Phone No:
ii) E-mail Id: (If any):

8) Academic Qualification:

| Sl. No. | School /Board /univ./Inst. | Exam Passed/ Degree /Diploma | Year of Passing | Duration of The course | Percentage of marks obtained |
|---|---|---|---|---|---|
| | | | | | |
| | | | | | |
| | | | | | |
| | | | | | |

9) Additional Qualification(If any):
10) Present Occupation (If any):
a. Designation..............................
b. Name & Address of Employer / Organization...........
11) Experience :

| Sl. No. | Name of the Organization | Name of the Post | Experience Year | Experience Month | Whether the job is permanent/ contractual | Nature of Work Done | Experience Certificate Enclosed (Y/N) |
|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | |
| | | | | | | | |
| | | | | | | | |

12) Language Known:

| Language | Reading | Writing | Speaking |
|---|---|---|---|
| | | | |
| | | | |

13) Check List of documents:

| Sl. No | Documents | Y/N | No of documents enclosed(Photocopies) |
|---|---|---|---|
| 1 | Proof of age | | |
| 2 | Proof of Academic qualification | | |
| 3 | Proof of working experience | | |
| 4 | Copies of recent passport Size photographs | | |
| 5 | No objection from present employer, if applicable | | |
| 6 | Proof of Caste certificate ( Except General Category) | | |

**Declaration:**

I hereby declare that I have carefully read the conditions of eligibility mentioned in the advertisement. These conditions are acceptable to me and I fulfill these conditions. The details mentioned in the Application are true and I shall furnish the necessary documents in original whenever required.

If any information/details found to be incorrect/false at any stage of the selection process or if any fact found to have been concealed by me or detected even after the appointment, my engagement is likely to be terminated.

**Date:**
**Place:**

..............................
**Full Signature of the Candidate**

**ADMIT CARD**
**(for written examination only)**
**TO BE FILLED IN BY THE CANDIDATE**

Name of the post :-
1) Name:-
2) Father's/Husband's Name:-
3) Postal Address:
4) Date of Birth:

Paste passport size photo duly self-attested (in full signature)

Signature of the Candidate

**TO BE FILLED IN BY THE OFFICE**

ROLL NO ...........
Name of the Examination / Interview Centre With complete address:
Date of Examination / Interview and time:
Reporting time at the Centre:
**Note:** - Bring all original certificates in support of Age, Educational Qualification, working experience & NOC from concern Authority if present working any organization.

**Signature of the Chairman / Executive Officer**

### বিশেষ বিজ্ঞপ্তি

'কর্মসংস্থান' পত্রিকায় প্রকাশিত বিজ্ঞাপনের বিষয়বস্তু ও যথার্থতার যাবতীয় দায়িত্ব বিজ্ঞাপনদাতাদের। কোনো সংস্থার বিজ্ঞাপন, আইনী সমস্যা সৃষ্টি করলে বা, কারো আর্থিক ক্ষতির জন্য দায়ী হলে, তার যাবতীয় দায়-দায়িত্ব পুরোপরি বিজ্ঞাপনদাতা সংস্থার ওপরই বর্তাবে। 'কর্মসংস্থান' পত্রিকা বা, 'সংস্থান প্রকাশন প্রাইভেট লিমিটেড' তার জন্য কোনোভাবেই দায়ী নয়।
— সম্পাদক, কর্মসংস্থান।

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



# ডব্লু.বি.সি.এস 'সি' গ্রুপে কীভাবে সফল হলাম

## সাফল্যের প্রতিকৃতি



অরুনকুমার সাউ

পূর্ব মেদিনীপুরের পটাশপুর গ্রামের ছেলে আমি। স্থানীয় স্কুল থেকে মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পাশ করেছি। এরপর কলকাতায় এসে বেলঘরিয়ায় একটি মেসে থেকে বঙ্গবাসী কলেজ থেকে ২০১১ সালে ইংরিজি বিষয়ে অনার্স নিয়ে ডিগ্রি কোর্স পাশ করেছি। বি.এড ছিল না বলে শিক্ষকতার চেষ্টা করিনি। বরাবরই লক্ষ্য ছিল যে কোনো একটা সরকারি চাকরি করে নিজেকে প্রতিষ্ঠিত করার। এই লক্ষ্যপূরণের জন্য শিক্ষাগত যোগ্যতা অনুসারে বিভিন্ন ধরণের পরীক্ষায় বসেছিলাম। এরমধ্যে ২০০৯ সালে প্রাইমারি 'টেট', ২০১১ সালে কলকাতা পুলিশ ও ২০১২ সালে রেলের গ্রুপ 'ডি' পরীক্ষায় বসেছিলাম। কিন্তু চূড়ান্ত পর্যায়ে কোনো পরীক্ষায়ই সফল হতে পারিনি। এরপর মনে হয়েছিল রাজ্যের সর্বোচ্চ পরীক্ষায় বসে নিজের যোগ্যতাকে যাচাই করে নেওয়ার। পরপর ৩ বারের চেষ্টায় ডব্লু.বি.সি.এস পরীক্ষায় সফল হয়েছি। প্রথমবার পরীক্ষায় বসেছিলাম ২০১৪ সালে, এরপর ২০১৫ ও শেষে ২০১৬ সালে। তৃতীয় বারের জন্য পরিকল্পনামাফিক পড়াশুনা ও প্রস্তুতি নিয়েছিলাম। পূর্ব অভিজ্ঞতা ছিল বলে প্রস্তুতির ক্ষেত্রে খুব বেশি সমস্যা হয়নি। প্রিলি. ও মেইন পরীক্ষার মধ্যে সময়ের ব্যবধান খুব কম থাকে বলে দু'টি পর্যায়ের কমন সব বিষয়ের জন্য একযোগে প্রস্তুতি নিয়েছিলাম। প্রিলিমিনারির জন্য মূলত মাধ্যমিক ও উচ্চমাধ্যমিকের ভূগোল, বিজ্ঞান, ইতিহাস ও অঙ্ক দেখে অনুশীলন করেছিলাম। ইতিহাসের জন্য পড়েছিলাম জীবন মুখোপাধ্যায়, ভূগোলের জন্য কার্তিক চন্দ্র মন্ডল, ভারতীয় সংবিধানের জন্য লক্ষ্মীকান্ত, অর্থনীতির জন্য তুজাম্মেল হোসেন আর মেন্টাল এবিলিটি ও রিজনিংয়ের জন্য ম্যাথ ম্যাগ দেখে নিয়মিত চর্চা করতাম। এছাড়াও নিয়মিত পড়তাম 'কর্মসংস্থান' ও 'Appointment & Career News'. কলেজ স্ট্রিটের এক নামী কোচিং সেন্টারে ভরতি হয়েছিলাম। এখানকার নোটিস পড়ে খুব উপকৃত হয়েছি। প্রিলিমিনারি ও মেইন — দু'টির ক্ষেত্রেই বিভিন্ন বিষয়ে পরামর্শ পেয়েছিলাম বিশেষজ্ঞ হরেন চন্দ্রের কাছ থেকে। প্রিলি. পরীক্ষায় ২০০ নম্বরের মধ্যে ১৪৫ নম্বরের উত্তর লিখেছিলাম। প্রিলি.'র ক্ষেত্রে নির্দিষ্ট কাট অফ মার্কস আগে থেকে জানা যায় না। তবে অভিজ্ঞতার ভিত্তিতে বলতে পারি ১২০ থেকে ১২৫টি প্রশ্নের সঠিক উত্তর লিখতে পারলে মেধা তালিকায় এগিয়ে থাকা সম্ভব। 'মেইন' পরীক্ষায় বাংলা ও ইংরিজির জন্য মূলত দৈনিক বাংলা ও ইংরিজি সংবাদপত্র দেখে কম্পোজিশনের বিষয়গুলি অনুশীলন করেছিলাম। তাছাড়া ইংরিজির ছাত্র হওয়ায় দু'টি বিষয়ে লেখার স্বাভাবিক ক্ষমতা ও দক্ষতা ছিল। ঐচ্ছিক বিষয় হিসাবে নিয়েছিলাম ইতিহাস। এইক্ষেত্রে অনার্সের বই পড়েছিলাম। মেইন পরীক্ষায় অঙ্ক ও জেনারেল স্টাডিজের ক্ষেত্রে ৯০% ও অন্যান্য সব বিষয়ে ৬০%-৬৫% প্রশ্নের উত্তর লিখেছিলাম। ঐচ্ছিক বিষয়ের জন্য পুরনো প্রশ্নপত্র দেখে সাজেশন তৈরি করে এগিয়েছিলাম ও নিয়মিত লিখতাম। 'মেইন' পরীক্ষার ফল বেরোয় গত বছর সেপ্টেম্বর মাসে।

পূর্ব অভিজ্ঞতা ছিল বলে পার্সোন্যালিটি টেস্ট নিয়ে খুব বেশি মাথা ব্যাথা ছিল না। প্রস্তুতির জন্য পুরনো সব পাঠ্য বিষয়ে চোখ বুলিয়েছিলাম ও সাম্প্রতিক ঘটনাবলী সম্পর্কে যথেষ্ট সচেতন হয়েছিলাম। নিয়মিত সংবাদপত্র পড়ে রাজনৈতিক ও অর্থনৈতিক সব গুরুত্বপূর্ণ বিষয়ের নোট রাখতাম। আত্মবিশ্বাস অর্জন করার জন্য বাড়িতে বসেই নিজে নিজে মহড়া পরীক্ষায় বসতাম। ইন্টারভিউ হয়েছিল পি.এস.সি'র সদর কার্যালয়ে। বোর্ডে ছিলেন মোট ৪ জন সদস্য। শুরুতে নিজের পরিচয় দিতে বলা হয়। এরপর জানতে চাওয়া হয় আমার হবি'র বিষয়ে। চাষবাস আমার হবি শুনে বোর্ডের সদস্যরা চাষবাস সংক্রান্ত বিভিন্ন খুঁটিনাটি বিষয়ে জানতে চান। মূলত চাষের অর্থনৈতিক সব বিষয় সম্পর্কে তারা প্রশ্ন করেন। কিছুদিন আগে ঘাটালে বন্যা হয়েছিল, এই সম্পর্কে জানতে চাওয়া হয় কেন এই অঞ্চল বন্যাপ্রবণ এলাকা। এরপর এক সদস্য ইতিহাস থেকে কিছু প্রশ্ন করেন। ১৫ মিনিট ধরে প্রশ্নোত্তর পর্ব চলে। তবে আমার নিজস্ব বিষয় ইংরিজি থেকে কোনো প্রশ্ন করা হয়নি। চূড়ান্ত ফল বেরিয়েছে গত ১৫ মার্চ। ডব্লু.বি.সি.এস 'সি' গ্রুপে সফল হয়েছি। চাকরি হবে ল্যান্ড রেভিনিউ বিভাগে। অভিজ্ঞতার ভিত্তিতে বলতে পারি, ডব্লু.বি.সি.এস পরীক্ষায় সফল হওয়ার জন্য খুব বেশি মেধাবী হওয়ার দরকার হয় না, দরকার কঠোর পরিশ্রম, অধ্যবসায়, সঠিক পরিকল্পনা ও সঠিক বিশেষজ্ঞের গাইডেন্স।

## NCVT স্বীকৃত ITI কোর্সে ভর্তি

NCVT স্বীকৃত বহরমপুর প্রগতি আই.টি.আই ও কৃষ্ণনগর প্রগতি আই.টি.আইয়ে ২০১৮ সেশনে ফিটার ও ইলেক্ট্রিশিয়ান কোর্সে ভর্তি শুরু হয়েছে। ২ বছরের রেগুলার কোর্স। যোগ্যতা : মাধ্যমিক। সীট সীমিত। ১০০% হাতে-কলমে প্র্যাক্টিক্যাল। কোর্স শেষে চাকরিতে সহায়তা করা হয়। যোগাযোগ : বহরমপুর : 9434900500, কৃষ্ণনগর : 9434900700.

## আই.টি.আইয়ের ট্রেড সার্টিফিকেট

১ পাতার পর

গ্রুপ-E : ক্লাস এইট পাশ ছেলেমেয়েরা এই ট্রেডের জন্য আবেদন করতে পারেন।

গ্রুপ-M : মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। মাধ্যমিকে অঙ্ক ও বিজ্ঞান বিষয় না থাকলে ইঞ্জিনিয়ারিং ট্রেডের জন্য যোগ্য নন।

সব ক্ষেত্রেই বয়স হতে হবে ১-৮-২০১৮'র হিসাবে ন্যূনতম ১৪ বা, তার বেশি। উর্ধ্বতম বয়সের কোনো কড়াকড়ি নেই। যে কোনো বয়সের প্রার্থীরাই আবেদনের যোগ্য। নির্দিষ্ট কয়েকটি ট্রেডে মহিলা প্রার্থী না পাওয়া গেলে ছেলেরা ওই চারটি মহিলা ইন্ডাস্ট্রিয়াল ট্রেনিং ইনস্টিটিউটে ভরতির জন্য আবেদন করতে পারবেন।

তপশিলী জাতির প্রার্থীদের জন্য ২২%, তপশিলী উপজাতি প্রার্থীদের জন্য ৬%, শারীরিক প্রতিবন্ধীদের জন্য ৩% ও মহিলাদের জন্য সাধারণ আইটি.আই /আইটি.সি.'তে ১০% সীট সংরক্ষিত। ট্রেড অনুযায়ী ৬ মাস থেকে ৩ বছরের কোর্স। ফী প্রতি সেমেস্টারের জন্য প্রায় ৩,০৭৫ টাকা। দুই গ্রুপের বেলায়ই প্রার্থী বাছাই করবে 'ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল অফ টেকনিক্যাল অ্যান্ড ভোকেশনাল এডুকেশন অ্যান্ড স্কিল ডেভেলপমেন্ট'। এজন্য 'কমন এন্ট্রান্স টেস্ট' হবে জুন মাস নাগাদ।

'এম' গ্রুপের লিখিত পরীক্ষায় থাকবে এইসব বিষয় : অঙ্ক, ইংরিজি, সায়েন্স / ফিজিক্যাল সায়েন্স, জেনারেল স্টাডিজ। প্রশ্ন হবে মাধ্যমিক মানের। 'ই' গ্রুপের লিখিত পরীক্ষায় থাকবে এইসব বিষয় : অঙ্ক, ইংরিজি, সায়েন্স, জেনারেল স্টাডিজ। প্রশ্ন হবে ক্লাস এইট পাশ মানের।

লিখিত পরীক্ষার অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ওয়েবসাইট থেকে। এছাড়াও যে প্রতিষ্ঠানে পূরণ করা ফর্ম জমা দেবেন, সেখানকার হেল্প ডেস্ক থেকে অ্যাডমিট কার্ড পেতে পারেন। চূড়ান্ত মেধা তালিকা আপলোড করা হবে জুলাইয়ে। অনলাইন কাউন্সেলিং হবে জুলাইয়ে।

গতানুগতিক পথের বাইরে বেরিয়ে নিজের প্রতিভাকে কাজে লাগিয়ে অন্য ধরণের পেশা গড়তে পারেন। পেশায় আসতে চাইলে মাধ্যমিক বা, উচ্চমাধ্যমিক পাশ করার পরই উদ্যোগ নিতে হবে। জেনে নিন সৃজনশীল পেশার উজ্জ্বল সব ক্ষেত্র —

**লেখালিখি :** লেখার প্রতি ভালোবাসা থাকলে ও ভাষা শিক্ষার প্রতি আকর্ষণ থাকলে সবথেকে উপযুক্ত পেশার জগত হল লেখালেখি। কল্পনা শক্তি, পর্যবেক্ষণ ক্ষমতা ও প্রতিভাকে কাজে লাগিয়ে একটি সুন্দর ও প্রভাবশালী লেখা তৈরি করা যায়। বলা হয়, লেখা জানা থাকলে কাজের জায়গার অভাব হয় না। লেখা জানা মানেই যে সাহিত্যিক বা, কবি হতে হবে, এমন নয়। লেখার ক্ষমতা থাকলে সংবাদমাধ্যমে যেমন সাংবাদিকতার চাকরি করা যায়, তেমনি লেখার সহজাত দক্ষতা থাকলে টেলিভিশনের বিভিন্ন ধারাবাহিকের বা, চলচ্চিত্রের চিত্রনাট্য লেখা, সংলাপ লেখা, সাবটাইটেল লেখা বা, বিজ্ঞাপনের কপি লেখার কাজ করতে পারেন। এছাড়াও কনটেন্ট ডেভেলপার, কনটেন্ট রাইটার বা, অনুলেখকের কাজ করতে পারেন।

**কাজ পেতে কী করবেন :** নতুনদের পক্ষে চলচ্চিত্রের চিত্রনাট্য লেখার কাজ পাওয়া কঠিন। কিন্তু টেলিভিশনের ধারাবাহিক বা, গেম শো বা, রিয়্যালিটি শোতে চিত্রনাট্যকার বা, সহ-চিত্রনাট্যকার হওয়ার সুযোগ আছে। কাজ পেতে হলে বিভিন্ন প্রোডাকশন হাউসে যোগাযোগ করতে হবে। ছোটখাটো ধারাবাহিকে চিত্রনাট্য লিখে পর্ব পিছু ৫০০ টাকা থেকে ১,০০০ টাকা আর বড় প্রোডাকশন হাউসের ধারাবাহিকে চিত্রনাট্য লিখে পর্ব পিছু ২০০০ টাকা থেকে ৫,০০০ টাকা পর্যন্ত পাওয়া যায়। চিত্রনাট্য লেখা ছাড়াও বিভিন্ন অনুষ্ঠানে তথ্য সংগ্রহের জন্য রিসার্চার পদে লোক নেওয়া হয়। বিজ্ঞাপনের 'কপি রাইটার' পদে কাজের জন্য নামি সংস্থায় নতুনদের 'কপি টেস্টের' পরীক্ষা দিতে হয়। বিজ্ঞাপনের কপিরাইটারদের কাজ হল, সংশ্লিষ্ট পণ্য বা, পরিষেবার গুণাগুণ নিয়ে লেখা কিংবা বিজ্ঞাপনের জন্য 'ক্যাচ লাইন' তৈরি করা। আজকাল অনেক বয়স্ক লেখক গল্প বা, উপন্যাস লেখার জন্য অনুলেখকের সাহায্য নেন। এক্ষেত্রে অনুলেখকের কাজ হল, ডিকটেশন দেওয়া ও সঠিক শব্দের জোগান দেওয়া। আজকাল বিভিন্ন রেকর্ড কোম্পানি গান বা, কবিতার সিডি প্রকাশ করার ক্ষেত্রে ভালো লেখকের খোঁজ করেন। এক্ষেত্রে লেখকের কাজ সংশ্লিষ্ট সিডির মূল ভাবনা ও গায়কের পরিচিতি লেখা। ভাষা ও সাহিত্যের ছেলেমেয়েরা অনায়াসে এই ধরণের কাজ করে রোজগার করতে পারেন। বিজ্ঞাপনের কপি লেখা বা, সিডির কনটেন্ট লেখার কাজ পেতে গেলে সংশ্লিষ্ট সংস্থায় যোগাযোগ করতে হবে। এই মুহূর্তে সবচেয়ে জনপ্রিয় হল অনলাইনে লেখালেখি। কারণ, লেখার পরিধি সীমাহীন ও যে কোনো ওয়েবসাইটে লেখার মাধ্যমে পাঠকের সঙ্গে যোগাযোগ সূত্র তৈরি হয়। নতুন প্রজন্মের ছেলেমেয়েদের এখন সবচেয়ে জনপ্রিয় মাধ্যম হল, সোশ্যাল মিডিয়া। আপনার যে বিষয়ে ধারণা আছে, জ্ঞান আছে ও সেইসঙ্গে আপডেট তথ্য আছে, সেই বিষয়টি বেছে নিয়ে নিজের Blogging site খুলে একটি নির্দিষ্ট সময়ে Blog পোস্ট করতে পারেন। ব্লগ জনপ্রিয় হলে বিজ্ঞাপন নিয়ে মাসে ভালো টাকা আয় করতে পারেন। এছাড়া বিভিন্ন কোম্পানি নিজেদের ওয়েবসাইটে Blog লেখার বা, কল টেস্ট রাইটিংয়ের জন্য লোক খোঁজেন। ওয়েব কনটেন্ট রাইটিংয়ের ২টি ভাগ : স্ট্যাটিক ও ডায়নামিক বিভিন্ন বইপত্র ও ওয়েবসাইট থেকে তথ্য জোগাড় করে লেখার নাম হল স্ট্যাটিক কনটেন্ট রাইটিং আর সাম্প্রতিক ঘটনা সম্বন্ধে বিভিন্ন জায়গা থেকে খবর ও তথ্য জোগাড় করে লেখার নাম হল ডায়নামিক কনটেন্ট রাইটিং বা, ওয়েব জার্নালিজম। এই মুহূর্তে ডিজিটাল বিপণনের ক্ষেত্রে পণ্যের গুণাগুণ লেখার জন্যেও কনটেন্ট রাইটার নেওয়া হয়।

গুগল বা, নোকরি ডট কমে সার্চ করলে বিভিন্ন সংস্থার খোঁজ পেয়ে যাবেন ও তারপর যোগাযোগ করতে পারেন।

**যোগ্যতা ও প্রশিক্ষণ :** লেখার জগতে কাজ করার ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা ও বয়সের কোনো কড়াকড়ি নেই। লেখার ক্ষমতা, অভ্যাস ও প্রতিভার ওপর নির্ভর করে গড়ে ওঠে সাফল্য। ওয়েব কনটেন্ট রাইটিংয়ের জন্য ইংরিজিতে সহজাত লেখার ক্ষমতা থাকতে হবে।

কোনো নির্দিষ্ট প্রশিক্ষণের মাধ্যমে লেখালেখি শেখা যায় না। তবে লেখার পদ্ধতি শেখার জন্য 'ক্রিয়েটিভ রাইটিং' কোর্স আছে। যেমন, ইন্দিরা গান্ধী জাতীয় মুক্ত বিশ্ববিদ্যালয়ে 'ক্রিয়েটিভ রাইটিং' বিষয়ে ডিপ্লোমা ও পোস্ট গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পড়ানো হয়। দিল্লির জওহরলাল নেহরু বিশ্ববিদ্যালয়ে ইংরিজি বিষয়ে এম.এ কোর্সের মধ্যে ক্রিয়েটিভ রাইটিং একটি বিশেষ পেপার হিসাবে পড়ানো হয়। কলকাতার ব্রিটিশ কাউন্সিলে ক্রিয়েটিভ রাইটিংয়ে ডিপ্লোমা কোর্স করানো হয়। তবে বেশিরভাগ ক্ষেত্রে ভাষা ও সাহিত্যের ছাত্রছাত্রীদেরই এই পেশায় আসার প্রবণতা বেশি।

**অনুবাদের কাজ :** বিশ্বায়নের অর্থনীতি ও তথ্যপ্রযুক্তির বিপুল বিকাশে অনুবাদের কাজে সুযোগ ও সম্ভাবনা অনেক বেড়ে গেছে। আজকের দিনে অনুবাদ একটি গুরুত্বপূর্ণ পেশা। অনুবাদের গুরুত্বপূর্ণ ক্ষেত্র এখন এই ২টি — সাহিত্য অনুবাদ ও কারিগরি বা, টেকনিক্যাল লেখার অনুবাদ। প্রথম ক্ষেত্রে, একটি ভাষার সাহিত্যকে অন্য ভাষায় অনুবাদ করতে হয়। যেমন, বিদেশি ভাষা বা, আঞ্চলিক ভারতীয় ভাষা (হিন্দু, তামিল, তেলুগু, মারাঠি, গুজরাতি) থেকে বাংলা ভাষায় অনুবাদ করতে হয়। তেমনি আবার বাংলা থেকে ইংরিজি ভাষায় অনুবাদ করতে হয়। কারিগরি অনুবাদের ক্ষেত্রটি মূলত পণ্যসংক্রান্ত বিজ্ঞাপন অনুবাদের কাজ। বৈদ্যুতিক উপকরণ থেকে খাদ্যসামগ্রী — নানা জিনিসের সঙ্গে দেওয়া পুস্তিকার তথ্য এক ভাষা থেকে অন্য ভাষায় রূপান্তরের কাজ, যা করেন কারিগরি অনুবাদকরা। এমনকী দোভাষীর কাজটিও এই শ্রেণির মধ্যে পড়ে। আজকাল টেলিফোনে ম্যাটার শুনেও অনুবাদ করার রেওয়াজ চালু হয়েছে। অনুবাদের পাশাপাশি সারসংক্ষেপ ও সম্পাদনার কাজ করেও আয় করা যায়। আজকাল বিভিন্ন ধরণের রচনাবলী, অভিধান, সারসংক্ষেপ তৈরি ও সেইসঙ্গে সম্পাদনার কাজে কাজ জানা ছেলেমেয়েদের ভালো কাজের সুযোগ তৈরি হয়েছে।

**কাজ পেতে যোগাযোগ :** সারসংক্ষেপ তৈরি ও সম্পাদনার কাজ পেতে চাইলে নামি প্রকাশনা সংস্থায় যোগাযোগ করতে পারেন। অনুবাদের কাজ পেতে গেলে যোগাযোগ করতে হবে : (ক) বিশ্বসাহিত্যের প্রায় সব বিখ্যাত সৃষ্টি বাংলা, ইংরিজি ও অন্যান্য আঞ্চলিক ভাষায় অনূদিত হয়েছে ও এখনও হয়ে চলেছে। কলেজ স্ট্রিট পাড়ার প্রকাশকরা সবসময়ে অনুবাদের কাজে দক্ষ লোক খোঁজেন। (খ) সাহিত্য অনুবাদের কাজে আগ্রহ থাকলে নাম নথিভুক্ত করতে পারেন সাহিত্য আকাদেমিতে। দেশি ও বিদেশি সাহিত্য অনুবাদের কাজে দক্ষ অনুবাদকদের এখনও ভীষণ চাহিদা আছে। (গ) সরকারি ক্ষেত্রে অনুবাদক নেওয়া হয় বিভিন্ন আদালতে, পশ্চিমবঙ্গ সরকারের তথ্য-সংস্কৃতি দপ্তরে (পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে লোক নেওয়া হয়), কেন্দ্রীয় সরকারের নানা মন্ত্রক বিভাগ ও অফিসে (স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে নিয়োগ হয় জুনিয়র ও সিনিয়র ট্রান্সলেটর পদে), ভারতীয় রেল, রাষ্ট্রায়ত্ত ব্যাঙ্ক ও অন্যান্য রাষ্ট্রায়ত্ত সংস্থায়। (ঘ) অনুবাদকের চাহিদা আছে কর্পোরেট সংস্থা (টি.সি.এস., সেইল, ভেল), শিক্ষাপ্রতিষ্ঠান, গবেষণা সংস্থা ও বিজ্ঞাপন সংস্থায়। (ঙ) সংবাদসংস্থা — দৈনিক সংবাদপত্র, বৈদ্যুতিন সংবাদ ক্ষেত্রে অনুবাদকের পদ অপরিহার্য। পাশাপাশি আজকাল সিনেমা / টেলিভিশনের সাবটাইটেলের অনুবাদ ও ডাবিং'র কাজে অনুবাদক নেওয়া হয়।

**পেশায় আসতে গেলে :** প্রথমেই জেনে রাখুন, অনুবাদ কিন্তু নিছক ভাষান্তর নয়। একটি ভাষায় লেখার মূল ভাবটি বুঝতে হয় ও সেই অনুসারে অন্যভাষায় ভাবানুবাদ করতে হয়। ভাষান্তর করার সময় খেয়াল রাখতে হবে মূল লেখার রস যেন অক্ষুণ্ণ থাকে।

**কোথায় ট্রেনিং :** (১) তুলনামূলক সাহিত্য বিভাগ, যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলকাতা - ৭০০০৩২। কোর্স : ট্রান্সলেশন অ্যাজ এ স্কিল। যোগ্যতা : উচ্চ মাধ্যমিক পাশ বা, সমতুল। মেয়াদ : ৬ মাস। কোর্সটি ইউ.জি.সি. স্বীকৃত। প্রার্থী বাছাই হয় পরীক্ষার মাধ্যমে। (২) ইন্দিরা গান্ধী জাতীয় মুক্ত বিশ্ববিদ্যালয়। কোর্স : (ক) পোস্ট-গ্র্যাজুয়েট সার্টিফিকেট ইন ট্রান্সলেশন। যোগ্যতা : গ্র্যাজুয়েট। মেয়াদ : ৬ মাস। (খ) পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা ইন ট্রান্সলেশন। যোগ্যতা : গ্র্যাজুয়েট। মেয়াদ : ১ বছর।

**ভালো কণ্ঠস্বর হলে :** ভালো চেহারার মতো ভালো কণ্ঠস্বরও আপনার সম্পদ। এই গুণকে কাজে লাগিয়ে নানান শাখায় পেশা গড়ার কথা ভাবতে পারেন। এক নজরে দেখে নেওয়া যাক এই সংক্রান্ত গুরুত্বপূর্ণ কাজের ক্ষেত্র —

**রেডিও জকি :** বেতার তরঙ্গের বিভিন্ন এফ এম চ্যানেলে ঘন্টার পর ঘন্টা শ্রোতাদের মাতিয়ে রেখে চ্যানেল ও শ্রোতাদের মধ্যে যোগসূত্র রক্ষার কাজ করেন রেডিও জকি। সংক্ষেপে বলা হয় আর. জে (RJ)।

**কাজের ধরণ :** রেডিও জকির কাজ হল, গানের ফাঁকে ফাঁকে কথার পিঠে কথার মালা গাঁথা। তবে, অতিকথন বা, বাজে বকবক নয়। বিনোদনের সঙ্গে সঙ্গে দরকারি তথ্য শ্রোতাদের জানানোই হল এঁদের কাজ। যাকে বলা হয় 'ইনফোটেইনমেন্ট'। স্টুডিওতে থাকে কম্পিউটার কনসোল ও মাইক্রোফোন। কনসোল অপারেশন করে গানের সিডি বাজাতে হয়। ফলে, রেডিও জকিকে কথা বলার সঙ্গে সঙ্গে প্রযুক্তিগত দিকও সামলাতে হয়। আবার শ্রোতারা বিরূপ সমালোচনা করলে ঠান্ডা মাথায় সামলাতে হয়। চ্যানেলের নির্ধারিত শ্রোতাদের চাহিদা ও জীবনশৈলীর ওপর নির্ভর করে অনুষ্ঠানের রূপরেখা তৈরি করতে হয়। পুরো অনুষ্ঠানের সূত্রধরের কাজ করেন রেডিও জকি। কিন্তু পুরো কাজটি করতে হয় কেন্দ্রীয় অধিকর্তা বা, অনুষ্ঠান প্রযোজকের নির্দেশে। হাড্ডাহাড্ডি প্রতিযোগিতার বাজারে সব বেসরকারি চ্যানেলের মূল লক্ষ্য, নির্ধারিত শ্রোতাদের অনুষ্ঠান শুনতে বাধ্য করা, যাতে বিজ্ঞাপনদাতারা আচ্ছন্ন হয়।

**কাজের ক্ষেত্র ও শ্রেণি :** প্রসারভারতীর ২টি চ্যানেল হল এফ এম রেনবো ও গোল্ড। প্রসারভারতীর ক্ষেত্রে পদটির নাম উপস্থাপক বা, প্রেজেন্টার। পদটি অস্থায়ী। এই পদে লোক নেওয়ার সময় আকাশবাণীতে ঘোষণা করা হয়। ১৮ বছর থেকে ৩৫ বছর বয়সের যে কোনো শাখার গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা আবেদনের যোগ্য। প্রার্থী বাছাই করা হয় লিখিত পরীক্ষা, অডিশন ও ইন্টারভিউয়ের মাধ্যমে। এরপর সফল প্রার্থীদের একটা প্যানেল তৈরি হয় ও সেইমতো কাজের সুযোগ দেওয়া হয়। বেসরকারি চ্যানেলে রেডিও জকি থেকে প্রোমোশন পেয়ে বা, যোগ্যতার ভিত্তিতে অন্যান্য পদেও চাকরি পাওয়া যায়। যেমন, স্ক্রিপ্ট রাইটার, সাউন্ড এডিটর, প্রোডাকশন অ্যাসিস্ট্যান্ট, প্রোডিউসার, মিউজিক ম্যানেজার ও স্টেশন ম্যানেজার পদে।

**সাফল্যের শর্ত :** (১) শ্রোতার বন্ধু হতে হবে। রেডিও ১ : ১ মাধ্যম, সেজন্য শ্রোতার সঙ্গে কথা বলার সময় বহুবচন না বলে 'আপনি' বা, 'তুমি' সম্বোধন করা হয়। (২) উপস্থাপনার সময় মাথায় রাখতে হয় সেই অনুষ্ঠানের শ্রোতা কারা ও কোন বয়সের। বয়স অনুযায়ী বদলাতে হয় কথার ভঙ্গি। (৩) সমসাময়িক ঘটনা সম্পর্কে সচেতন হতে হবে ও সেই সঙ্গে গড়ে তুলতে হবে মৌলিকত্ব। (৪) উপস্থাপক হলেন কথার 'যাদুকর'। কিন্তু কোন সময়ে কী কথা বলবেন, তার মাত্রা জ্ঞান থাকা দরকার।

**ট্রেনিং :** প্রাতিষ্ঠানিক ট্রেনিং নিলে কাজের ক্ষেত্রে সুবিধা হয়। এ রাজ্যে একমাত্র যাদবপুর বিশ্ববিদ্যালয়ের স্কুল অফ মিডিয়া কমিউনিকেশন অ্যান্ড কালচারে ইউ.জি.সি স্বীকৃত কোর্স পড়ানো হয়। কোর্সের নাম : রেডিও প্রোডাকশন কোর্স। যে কোনো শাখায় উচ্চমাধ্যমিক পাশ ছেলেমেয়েরা ভরতির জন্য আবেদন করতে পারেন। বয়সের কোনো কড়াকড়ি নেই। প্রার্থী বাছাই করা হয় লিখিত পরীক্ষা ও ইন্টারভিউয়ের মাধ্যমে। কোর্সের মেয়াদ ৬ মাস। ভরতির বিজ্ঞপ্তি বেরোলে তখন যোগাযোগ করবেন এই ঠিকানায় : স্কুল অফ মিডিয়া কমিউনিকেশন অ্যান্ড কালচার, জে. ইউ, তৃতীয় তল, ২ নম্বর গেট, যাদবপুর বিশ্ববিদ্যালয়, কলকাতা - ৭০০০৩২। ফোন : ২৪১৪-৬৩৫২।

**কাজের অন্যান্য ক্ষেত্র :** কণ্ঠস্বরের দক্ষতাকে কাজে লাগিয়ে রেডিও জকি ছাড়াও আকাশবাণীতে বেতারে নাটক, বিজ্ঞাপনে গলা দেওয়া, অনুষ্ঠান সঞ্চালনা, টিভিতে ভয়েস ওভার, সিনেমা / অ্যানিমেশন ফিল্মে ডাবিং করে ভালো আয় করা যায়। ন্যাশনাল জিওগ্রাফি বা, মহাভারতের মতো সব সর্বভারতীয় অনুষ্ঠান এখন বিভিন্ন আঞ্চলিক ভাষায় সম্প্রচার করা হচ্ছে। বাংলা ডাবিংয়ের কাজে অনেকের কাজের সুযোগ তৈরি হয়েছে। এছাড়াও সরকারি ক্ষেত্রে ঘোষক বা, উপস্থাপকের কাজ করতে চাইলে যে কোনো শাখার গ্র্যাজুয়েট ও সেইসঙ্গে ভালো কণ্ঠস্বরের অধিকারী ছেলেমেয়েরা রাজ্য তথ্যসংস্কৃতি দপ্তরের অধীন শিশির মঞ্চে ঘোষক হিসাবে নাম নথিভুক্ত করতে পারেন। প্রয়োজন অনুসারে সরকারি অনুষ্ঠানে ঘোষণার জন্য ডাকা হয়।

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## সাম্প্রতিক ঘটনাপ্রবাহ

গত সপ্তাহের পর

৭ মার্চ : বিশিষ্ট ঐতিহাসিক শরদিন্দুশেখর রায় (৭১ বছর) মারা গেলেন।

□ 'দক্ষিণ-পূর্ব রেল'এর প্রথম মহিলা প্রিন্সিপাল চিফ অপারেশন ম্যানেজার হলেন জয়া সিংহ ভার্মা।

□ 'ইন্দো টিবেটান বর্ডার পুলিশ'এর (ITBP) প্রথম মহিলা কমব্যাট অফিসার হলেন প্রকৃতি।

□ 'পশ্চিমবঙ্গ রাজ্য অফিস'এর প্রধানের দায়িত্ব নিলেন দীপঙ্কর রায়।

□ পূর্ব রেলের নতুন অ্যাডিশনাল জেনারেল ম্যানেজার হলেন সুচিত্তকুমার দাশ।



চটকহীন ও মৌলিক স্থাপত্যের জন্য প্রথম ভারতীয় হিসাবে, ২০১৮ সালে স্থাপত্যের দুনিয়ায় নোবেল পুরস্কার হিসাবে পরিচিত 'প্রিটজকার আর্কিটেকচার পুরস্কার' পেলেন কিংবদন্তি স্থাপত্যবিদ বালকৃষ্ণ দোশি।

□ বিধানসভায় রাজ্যের পরিবহণ মন্ত্রী শুভেন্দু অধিকারী জানালেন, রাজ্যের সব জেলা সদর থেকে কলকাতা পর্যন্ত 'রাজধানী ভলভো বাস' পরিষেবা চালু করতে চলেছে পশ্চিমবঙ্গ সরকার।

□ সংশোধনাগারের বন্দিদের মাছ চাষের প্রশিক্ষণ দেওয়ার সিদ্ধান্ত নিল 'রাজ্য মৎস্য উন্নয়ন নিগম' (SFDC)। এজন্য প্রাথমিক পর্যায়ে দমদম, বারুইপুর ও হলদিয়া — রাজ্যের এই ৩ সংশোধনাগারের বড় জলাশয়কে বেছে নিয়েছে মৎস্য দফতর।

□ রাস্তার কাজের গুণগত মানের জন্য পশ্চিমবঙ্গ সরকারকে ৫৮ কোটি ৩৫ লাখ টাকা ইনসেন্টিভ দিল কেন্দ্রীয় গ্রামোন্নয়ন মন্ত্রক।

□ 'সর্বভারতীয় অভিন্ন মেডিক্যাল প্রবেশিকা পরীক্ষা'য় (নিট) আধার নম্বর বাধ্যতামূলক নয় বলে জানালো সুপ্রিম কোর্ট। প্রসঙ্গত উল্লেখ্য, বেশ কয়েকটি পরিষেবার ক্ষেত্রে আধার নম্বর বাধ্যতামূলক করেছিল কেন্দ্রীয় সরকার।

□ বিতর্কিত বিধেয়ক পাস করতে চলেছে ইজরায়েলের সংসদ নেসেট। প্রসঙ্গত উল্লেখ্য; এই বিধেয়ক পাস হলে ইজরায়েলি সেনাদের হাতে নিহত প্যালেস্তিনিদের দেহ শর্তসাপেক্ষে তাঁদের পরিবারের হাতে তুলে দেওয়া হবে। শর্ত না মানা পর্যন্ত শহীদদের দেহ আটকে রাখবে ইজরায়েল।

□ আন্তর্জাতিক সামরিক শক্তি বিশ্লেষণ সংস্থা 'গ্লোবাল ফায়ার পাওয়ার ইনডেক্স'এর ২০১৭ সালের প্রতিবেদন অনুযায়ী, ১৩৩টি দেশের মধ্যে সামরিক শক্তিতে বিশ্বে ভারতের স্থান চতুর্থ। প্রসঙ্গত উল্লেখ্য, এই তালিকায় শীর্ষস্থানে রয়েছে যুক্তরাষ্ট্র।

□ মার্কিন যুক্তরাষ্ট্রের প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্পের শীর্ষ অর্থনৈতিক উপদেষ্টা গ্যারি কন পদত্যাগ করার কথা ঘোষণা করলেন।

□ ৩৫ বছর বয়সে পেশাদার ক্রিকেট থেকে অবসর নিলেন অস্ট্রেলিয়ান ওপনার এড কোয়ান।

### বিশেষ বিজ্ঞপ্তি

**কর্মসংস্থান** পত্রিকায় প্রকাশিত যে কোনো বিতর্কিত আলোচনা বা, নিবন্ধের যাবতীয় দায়িত্ব লেখকের। কর্মসংস্থান কর্তৃপক্ষ কোনোভাবেই এজন্য দায়ী থাকবে না। ওই মতামত কারো পছন্দসই না হলে, প্রতিবাদ জানাতে পারেন। সেক্ষেত্রে তাও যথাযোগ্য মর্যাদায় ছাপা হবে। কারণ, এটি গণমাধ্যম।

□ 'তিরন্দাজি এশিয়া কাপ'এ মেয়েদের কম্পাউন্ড ও রিকার্ভ বিভাগে সোনার পদক পেলেন ভারতের মুসকান কিরার ও প্রমীলা দাইমারি।

□ বেলারুশের আলিয়াকসান্দর ভাখাভিয়াককে হারিয়ে 'ইউরোপিয়ান জুডো ওপন'এ ১০০ কেজি বিভাগের ফাইনালে সোনার পদক পেলেন ইরানের জুডোকা জাভেদ মাহজুব।

□ আসন্ন 'ইন্ডিয়ান প্রিমিয়র লিগ'এ 'দিল্লি ডেয়ারডেভিলস'এর অধিনায়ক হলেন গৌতম গম্ভীর।

৮ মার্চ : 'দেশের সবথেকে প্রভাবশালী মহিলা রাজনীতিক'এর সম্মান পেলেন সুষমা স্বরাজ।

□ ২০১৮-'১৯ সালের জন্য 'সি.আই.আই ওয়েস্ট বেঙ্গল স্টেট কাউন্সিল'এর চেয়ারম্যান হলেন অভিজিৎ মুখোপাধ্যায়।

□ নাগাল্যান্ডের মুখ্যমন্ত্রী হলেন নেইফিউ রিও।

□ ২০১৭-'১৮ সালের কাজের নিরিখে রাজ্যের ২১টি জেলা হাসপাতালের মধ্যে প্রথম স্থান পেল উত্তর ২৪ পরগনা জেলা হাসপাতাল।.

□ কেন্দ্রীয় রাসায়নিক সার মন্ত্রী অনন্ত কুমার জানালেন, 'সুবিধা' নামের প্রকল্পের অধীনে 'বায়োডিগ্রেডেবল স্যানিটারি প্যাড' চালু করছে কেন্দ্রীয় সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, মাত্র আড়াই টাকায় একটি স্যানিটারি প্যাড পাওয়া যাবে। 'প্রধানমন্ত্রী ভারতীয় জনঔষধি পরিষেবা কেন্দ্র'এ এই পরিষেবা পাওয়া যাবে।

□ দেশের ২০টি রাজ্যে ৫৮টি জেলায় একটি করে নতুন মেডিক্যাল কলেজ তৈরির ঘোষণা হল রাজ্যসভায়। প্রসঙ্গত উল্লেখ্য, প্রথম পর্যায়ে জেলা বা, মহকুমা হাসপাতালকে কেন্দ্র করে গড়ে উঠবে মেডিক্যাল কলেজ। সেই তালিকায় রয়েছে পশ্চিমবঙ্গের ৫টি জেলা। দক্ষিণ ২৪ পরগনা জেলার ডায়মন্ড হারবার, বীরভূম জেলার রামপুরহাট, উত্তর দিনাজপুর জেলার রায়গঞ্জ, কোচবিহার ও পুরুলিয়া জেলা ও মহকুমা হাসপাতাল নিয়ে তৈরি হবে একটি করে পূর্ণাঙ্গ মেডিক্যাল কলেজ।

□ কেন্দ্রীয় পানীয় জলমন্ত্রী উমা ভারতী লোকসভায় জানালেন, বিশুদ্ধ পানীয় জল না পাওয়ার তালিকায় সারা দেশের নিরিখে পশ্চিমবঙ্গের স্থান দ্বিতীয়। পশ্চিমবঙ্গে মোট ১৭,৯৯৭টি জনবসতিকে চিহ্নিত করা হয়েছে, যেখানকার মানুষ পরিশ্রুত পানীয় জল পান না।




'অম্বুজা নেওটিয়া গ্রুপ'এর চেয়ারম্যান হর্ষবর্ধন নেওটিয়াকে 'ডক্টর অফ লিটারেচার' ডিগ্রি দিল 'বিদ্যাসাগর বিশ্ববিদ্যালয়'।

□ 'আন্তর্জাতিক নারী দিবস' উপলক্ষ্যে শুধুমাত্র মেয়েদের জন্য 'গোলাপি ট্যাক্সি' চালু হল ইসলামাবাদে।

□ মায়ানমারের বিদেশমন্ত্রী আন সান সু কি'কে দেওয়া 'মানবাধিকার সম্মান' ফিরিয়ে নেওয়ার সিদ্ধান্ত নিল মার্কিন যুক্তরাষ্ট্রের 'হলোকাস্ট মেমোরিয়াল মিউজিয়াম'।

□ ৩ বার সন্দেহজনক বোলিং অ্যাকশনের জন্য নির্বাসিত হলেন জিম্বাবোয়ের পেস বোলার ব্রায়ান ভিতোরি।

□ চার্চিল ব্রাদার্সকে ১-০ ব্যবধানে হারিয়ে 'আই লিগ টুর্নামেন্ট'এ চ্যাম্পিয়ন হল মিনার্ভা পঞ্জাব।

□ এসপ্যানিওলকে টাইব্রেকারে ৪-২ ব্যবধানে হারিয়ে 'কাতালান সুপার কাপ'এ চ্যাম্পিয়ন হল বার্সেলোনা।

□ ৪:১৫.২৫ সময় করে পাতিয়ালায় অনুষ্ঠিত 'ফেডারেশন কাপ অ্যাথলেটিক্স'এ ১,৫০০ মিটারে সোনার পদক পেলেন কেরালার পি.ইউ. চিত্রা।

□ কর্ণাটককে ৬ উইকেটে হারিয়ে 'দেওধর ট্রফি'তে চ্যাম্পিয়ন হল ভারত 'বি' দল।

৯ মার্চ : কলকাতায় আরও গতি বাড়াতে আগামী ৫ বছরের মধ্যে ৯টি নতুন উড়ালসেতু তৈরি করার সিদ্ধান্ত নিল পশ্চিমবঙ্গ সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, উত্তরের নিউটাউন, সল্টলেক থেকে শুরু করে দক্ষিণের যাদবপুর, ঢাকুরিয়া, টালিগঞ্জ, জোকা এলাকাতেও এইসব উড়ালসেতু তৈরি হবে।

□ বাংলা থেকে আরও বেশি পর্যটক টানতে 'কেরালা ট্যুরিস্ট রেগুলেটরি অথরিটি' (KRTA) গড়তে চলেছে কেরালা সরকার।

□ এবার রেলে টিকিট বদলের সুবিধা চালু করতে চলেছে ভারতীয় রেল। এবার থেকে কোনো কারণে যাত্রা বাতিল হলে নিজের পছন্দসই যাত্রীর নামে টিকিট বদল করা যাবে। তবে মাত্র একবারই টিকিট বদলের এই সুবিধা পাওয়া যাবে।

□ নিষ্কৃতি মৃত্যুকে আইনি স্বীকৃতি দিল সুপ্রিম কোর্ট। তবে সেই মৃত্যু হতে হবে 'প্যাসিভ ইউথ্যানেশিয়া'। অর্থাৎ, কোনো মানুষ জীবন নিয়ে নিস্পৃহ হয়ে পড়লেই সরাসরি বিষ বা, ওষুধ দিয়ে তাঁকে মৃত্যুর মুখে ঠেলে দেওয়া যাবে না। কিন্তু কোনো মানুষকে যদি কৃত্রিম জীবনদায়ী যন্ত্রের মাধ্যমে বাঁচিয়ে রাখতে হয় ও সুস্থ হওয়ার কোনো আশা না থাকে, তবে তাঁকে যন্ত্রণাদায়ক জীবন থেকে মুক্তি দেওয়া যাবে।

□ জঙ্গিদের আনাগোনায় রাশ টানতে সীমান্তের 'পয়েন্ট টু পয়েন্ট'এ নজরদারি শুরু করল বাংলাদেশের সীমান্তরক্ষী বাহিনী 'বর্ডার গার্ড বাংলাদেশ'।

□ সীমিত ওভারের ক্রিকেটে জোর দিতে টেস্ট থেকে অবসর নিলেন নিউজিল্যান্ডের কলিন মুনরো।

□ টোয়েন্টি-২০ মুম্বই লিগের চিফ মেন্টর হলেন দিলীপ বলবন্ত বেঙ্গসরকর।

১০ মার্চ : 'রাষ্ট্রীয় স্বয়ংসেবক সঙ্ঘ'এর (RSS) সাধারণ সম্পাদক নির্বাচিত হলেন সুরেশ যোশি।

□ গরমে প্যাকেজ ভ্রমণের বিশেষ প্যাকেজ ঘোষণা করল 'ইন্ডিয়ান রেলওয়ে ক্যাটারিং অ্যান্ড ট্যুরিজম কর্পোরেশন লিমিটেড' (IRCTC)। ৪ রাত ও ৫ দিনের এই ভ্রমণ যাত্রার সূচনা হবে ১ জুন। পর্যটক পিছু প্যাকেজের মূল্য ধার্য করা হয়েছে ১১,৭৫০ টাকা।

□ কেন্দ্রীয় বাণিজ্য মন্ত্রকের জুয়েলারি ডিভিশনের ফরেন ট্রেড বিভাগের ডিরেক্টর রাজ কমল জানালেন,. এ রাজ্যে স্বর্ণশিল্পীদের সুবিধার জন্য ২টি 'কমন ফেসিলিটি সেন্টার' গড়তে চলেছে কেন্দ্রীয় সরকার।

□ খাদ্যশস্য মজুত করার সমস্যা মেটাতে রাজ্য জুড়ে ৪০টি গুদাম তৈরি করতে ৪৯৭ কোটি ৫৬ লাখ টাকা ঋণ দেওয়ার সিদ্ধান্ত নিল 'ন্যাশনাল ব্যাঙ্ক ফর অ্যাগ্রিকালচার অ্যান্ড রুরাল ডেভেলপমেন্ট' (NABARD)।

□ সিকিমের পেকিয়াং বিমানবন্দরে প্রথমবারের জন্য কোনো অসামরিক বিমান অবতরণ করল। ফলে এবার কলকাতা থেকে সরাসরি প্লেনে চেপে সিকিম যাওয়া যাবে। গোটা দেশের সঙ্গে এই প্রথম উড়ান ব্যবস্থায় জুড়ল সিকিম। প্রসঙ্গত উল্লেখ্য, এতদিন সিকিমে যেতে গেলে বাগডোগরা হয়েই পর্যটকদের যেতে হত।

□ কেন্দ্রীয় অসামরিক বিমান পরিবহণ মন্ত্রকের অতিরিক্ত দায়িত্ব দেওয়া হল শিল্প ও বাণিজ্যমন্ত্রী সুরেশ প্রভুকে।

□ মার্কিন বিনোদন প্রতিষ্ঠান 'নেটফ্লিক্স'এর টিভি প্রযোজক হতে চলেছেন প্রাক্তন মার্কিন প্রেসিডেন্ট বারাক হুসেন ওবামা।

□ ইন্ডিয়ান ওয়েলস টেনিসের প্রথম রাউন্ড থেকে ছিটকে যাওয়ার পর হল্যান্ডের কোচ ভেন গ্রোয়েনভেল্ডের সঙ্গে সম্পর্ক ছিন্ন করলেন মারিয়া শারাপোভা।

১১ মার্চ : চলচ্চিত্রে অসামান্য অবদানের জন্য 'গোদাবরী গৌরব' সম্মান পেলেন বলিউড অভিনেতা অমল পালেকর।

□ মহিলা যাত্রীদের জরুরি প্রয়োজনে এবার সব স্টেশনে ও দূরপাল্লার ট্রেনে 'প্যাড বক্স' বসানোর সিদ্ধান্ত নিল রেল কর্তৃপক্ষ। যার পোশাকি নাম 'স্যানিটারি ন্যাপকিন ডিসপেনসার্স'।



নজিরবিহীনভাবে চিনের এখনকার প্রেসিডেন্ট শি জিনপিংয়ের ক্ষমতায়ন ঘটালো কমিউনিস্ট পার্টি। অর্থাৎ, আমৃত্যু চিনের প্রেসিডেন্ট পদে থাকবেন সে দেশের জাতীয়তাবাদী নেতা জিনপিং। এই সিদ্ধান্তে অনুমোদন দিল চিনের পার্লামেন্ট।

□ বাংলার ২ সেরা সুগন্ধী চাল 'গোবিন্দভোগ' ও 'তুলাইপাঞ্জি' সস্তায় সাধারণ মানুষের হাতে তুলে দেওয়ার সিদ্ধান্ত নিল পশ্চিমবঙ্গ সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, চলতি বছরে পুজোর পর বা, আগামী বছরের শুরুতে বাজারদরের অন্তত ২০% থেকে ২৫% কম দামে রাজ্যের বিভিন্ন স্টলে বিক্রি করবে পশ্চিমবঙ্গ সরকার।

□ আইনের শাসন পর্যবেক্ষণকারী আন্তর্জাতিক সংস্থা 'দি ওয়ার্ল্ড জাস্টিস প্রজেক্ট'এর (WJP) 'রুল অফ ল ইনডেক্স'এর প্রতিবেদনের তথ্য অনুযায়ী, আইনের শাসন প্রতিষ্ঠায় বিশ্বের ১১৩টি দেশের মধ্যে ভারতের স্থান ৬২তম।

□ আর্থিক কেলেঙ্কারির দায়ে পদত্যাগ করতে চলেছেন মরিশাসের প্রথম মহিলা প্রেসিডেন্ট আমিনা গুরিব ফাকিম।

□ 'আই.এস.এস.এফ বিশ্বকাপ শ্যুটিং'এ পুরুষদের ৫০ মিটার রাইফেল থ্রি পজিশনে সোনার পদক পেলেন ভারতের অখিল শেওরান।

১২ মার্চ : হুগলি ও উত্তর ২৪ পরগনা জেলাকে হুগলি নদীর ওপর দিয়ে জুড়তে ঈশ্বরগুপ্ত সেতুর সমান্তরাল সেতু তৈরির সিদ্ধান্ত নিল পশ্চিমবঙ্গ সরকার।

□ এবার দেশের প্রধানমন্ত্রী, রাষ্ট্রপতি ও উপরাষ্ট্রপতির জন্য নিজস্ব বিমান তৈরি হতে চলেছে। এই বিমানে থাকবে ভিআইপি এনক্লোজার, প্রেস কনফারেন্সের ঘর ও পেশেন্ট ট্রান্সপোর্ট ইউনিট। সেইসঙ্গে থাকবে ওয়াই-ফাই পরিষেবা ও ক্ষেপণাস্ত্র ধ্বংসকারী নিরাপত্তা ব্যবস্থা।

□ স্থানীয় সময় দুপুর ২টো ২০ মিনিট নাগাদ 'ত্রিভুবন আন্তর্জাতিক বিমানবন্দর'এ অবতরণের সময়, ঢাকা থেকে কাঠমাণ্ডুগামী 'ইউএস বাংলাদেশ এয়ারলাইন্স'এর বিমান ভেঙে পড়ে জীবন্ত দগ্ধ হয়ে ৫০ জন যাত্রী মারা গেলেন।

□ ব্রিটেনে এই প্রথম হিজাব পরে মডেলিং করলেন ২০ বছর বয়সি শহিরা ইউসুফ।

□ 'আন্তর্জাতিক প্যারা ব্যাডমিন্টন'এ মহিলা ও পুরুষদের সিঙ্গলসে সোনার পদক পেলেন মানসী যোশি ও সুকান্ত কদম।

□ অসমে 'পূর্বাঞ্চল বক্সিং চ্যাম্পিয়নশিপ'এ ৩টি সোনার পদক পেল বাংলা।

□ পেশাদার গলফ সার্কিটে ট্যুর চ্যাম্পিয়নশিপে ব্যক্তিগত বিভাগে চ্যাম্পিয়ন হলেন ইন্দো-ফিজিয়ান তারকা বিজয় সিংহ।

১৩ মার্চ : রবীন্দ্রনাথ ঠাকুরের স্বাক্ষরিত 'দ্য কিং অফ দ্য ডার্ক চেম্বার' বইটি মার্কিন যুক্তরাষ্ট্রে ৭০০ ডলারে নিলাম হল। তাঁর বিখ্যাত নাটক 'রাজা'র ইংরিজি অনুবাদ হল এই বইটি।



নেপালের প্রেসিডেন্ট হলেন বিদ্যা দেবী ভাণ্ডারী।

□ মার্কিন যুক্তরাষ্ট্রের গুপ্তচর সংস্থা 'সি.আই.এ'এর প্রথম মহিলা প্রধান হতে চলেছেন জিনা হসপেল।

□ 'শিবপুর ইন্ডিয়ান ইনস্টিটিউট অফ ইঞ্জিনিয়ারিং সায়েন্স অ্যান্ড টেকনোলজি'এর অধিকর্তা হতে চলেছেন বাঙালি অধ্যাপক পার্থসারথি চক্রবর্তী।

□ পুরনো 'জুবিলি সেতু'কে 'হেরিটেজ মনুমেন্ট' হিসাবে সংরক্ষিত করার সিদ্ধান্ত নিল রেল কর্তৃপক্ষ।

□ পাহাড়ে শিল্পস্থাপনের জন্য প্রাথমিকভাবে ১০০ কোটি টাকা বরাদ্দ করলেন রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়।

□ সাধারণ মানুষের কাছে আরও দ্রুত চিকিৎসা পরিষেবা পৌঁছে দিতে এই প্রথম 'মোবাইল পরিষেবা ভ্যান' চালু করার সিদ্ধান্ত নিল কলকাতা পুর নিগম। প্রসঙ্গত উল্লেখ্য, শহরের বিভিন্ন প্রান্ত ঘুরে ঘুরে মানুষকে চিকিৎসা পরিষেবা দেবে এই ভ্যান। তাতে প্রাথমিক চিকিৎসার জন্য দরকারি সরঞ্জাম থাকবে।

□ পুরসভার কাজকর্মে স্বচ্ছতা, সন্তোষজনক পারফরম্যান্স ও নিজস্ব সম্পদ বৃদ্ধির মাপকাঠিতে পশ্চিমবঙ্গের ৬৪ পুরসভাকে ২৬০ কোটি ৪১ লাখ টাকা জেনারেল পারফরম্যান্স গ্র্যান্ট দিল কেন্দ্রীয় সরকার।

□ সংসদে কেন্দ্রীয় সরকার জানালো, সরকারি হাসপাতালে স্বাস্থ্য পরিষেবায় রোগীর শয্যা (বেড) ব্যবস্থার নিরিখে সারা দেশের মধ্যে শীর্ষস্থানে আছে পশ্চিমবঙ্গ সরকার। প্রসঙ্গত উল্লেখ্য, পশ্চিমবঙ্গে সরকারি হাসপাতালে ৭৮,৫৬৬টি শয্যার ব্যবস্থা আছে।

□ মার্কিন বিদেশসচিবের পদ থেকে রেক্স টিলারসনকে সরিয়ে দিলেন প্রেসিডেন্ট ডোনাল্ড ট্রাম্প। তাঁর জায়গায় এলেন মাইক পমপেও।

□ ইংল্যান্ড ক্রিকেট দলের সহ অধিনায়ক হলেন জেমস অ্যান্ডারসন।

□ রাজস্থান রয়্যালসের ব্যাটিং কোচ হলেন প্রাক্তন ক্রিকেটার অমল মজুমদার।

এরপর আগামী সপ্তাহে

সঙ্কলক : পল্লবী দেওয়ান

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## স্কুল সার্ভিসের

■ *কর্মশিক্ষা বিষয়ে দরখাস্ত করার সময় বি.এড. দেখিয়েছিলাম। এখন ভেরিফিকেশনের সময় বি.এড. সার্টিফিকেট গ্রহণযোগ্য কি? — রণজিৎ বর্মন, মাথাভাঙ্গা, কোচবিহার।*

■■ হ্যাঁ, গ্রহণযোগ্য।

■ *স্কুল সার্ভিস কমিশনের 'সি' গ্রুপের পরীক্ষা দিয়েছিলাম। পাশ করেছি। অপেক্ষমান তালিকায় নাম আছে। আমি কি কাউন্সেলিংয়ে ডাক পাব? — তপন দাস, বাসুদেবপুর, পূর্ব মেদিনীপুর।*

■■ হ্যাঁ, ডাক পেতে পারেন।

■ *স্কুল সার্ভিস কমিশনের ক্লার্ক পদের বিজ্ঞপ্তি কবে বেরোবে? শিক্ষাগত যোগ্যতা, বয়স ও সিলেবাস জানাবেন। — দেবব্রত ঢালী, অভিজিৎ পোদ্দার, মৃনাল বিশ্বাস, অমিত মল্লিক, সাধর বড়ৌ, রামনগর, বাকসা, উত্তর ২৪ পরগনা।*

■■ মাধ্যমিক পাশ ছেলেমেয়েরা আবেদন করতে পারেন। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে। প্রার্থী বাছাইয়ের সময় কম্পিউটার টাইপিংয়ের স্কিল টেস্ট হবে। মিনিটে অন্তত ২০টি ইংরিজি শব্দ তোলার গতিতে টাইপিং দক্ষতা দেখা হবে। যাঁরা কম্পিউটার টাইপিং জানেন না, তাঁরাও দরখাস্ত করে ওই টাইপিং যোগ্যতা অর্জন করতে পারেন। মূল মাইনে : ৫,৪০০-২৫,২০০ টাকা। গ্রেড পে ২,৬০০ টাকা। ক্লার্ক পদের বেলায় প্রার্থী বাছাইয়ের জন্য ১০০ নম্বরের পরীক্ষা হবে। এর মধ্যে লিখিত পরীক্ষায় থাকবে ৬০ নম্বর, অ্যাকাডেমিক স্কোরে থাকবে ১০ নম্বর, পার্সোন্যালিটি টেস্টে থাকবে ৫ নম্বর আর কম্পিউটার টাইপিং টেস্ট ও কম্পিউটার দক্ষতায় থাকবে ২৫ নম্বর। ৬০ নম্বরের ১ ঘন্টার লিখিত পরীক্ষায় প্রশ্ন হবে মাল্টিপল চয়েজ (এম.সি.কিউ.) টাইপের এইসব বিষয়ে : (১) জেনারেল নলেজ - ১৫ নম্বর, (২) কারেন্ট অ্যাফেয়ার্স - ১৫ নম্বর, (৩) জেনারেল ইংলিশ - ১৫ নম্বর, (৪) অ্যারিথমেটিক - ১৫ নম্বর। লিখিত পরীক্ষায় কোয়ালিফাইং করলে ৫ নম্বরের পার্সোন্যালিটি টেস্ট হবে। তারপর কম্পিউটার টাইপিং টেস্ট ও কম্পিউটার দক্ষতায় থাকবে ২৫ নম্বর। মিনিটে ২০টি শব্দ তোলার গতিতে রানিং ম্যাটার দেখে ৫ মিনিটে ইংরিজিতে কম্পিউটারে টাইপিং স্কিল টেস্ট হবে।

'ক্লার্ক' পদের বেলায় লিখিত পরীক্ষায় পাওয়া নম্বর ও অ্যাকাডেমিক স্কোরে পাওয়া নম্বর দেখে মোট শূন্যপদের দ্বিগুণ প্রার্থীকে পার্সোন্যালিটি টেস্ট (টাইপিং ও কম্পিউটার দক্ষতা-সহ)'এর জন্য ডাকা হবে। চূড়ান্ত তালিকা তৈরির সময় লিখিত পরীক্ষা, অ্যাকাডেমিক স্কোর, পার্সোন্যালিটি টেস্ট, টাইপিং ও কম্পিউটার দক্ষতায় পাওয়া নম্বর যোগ করে মোট শূন্যপদের ০.১০ গুণ প্রার্থীর নাম (এমপ্যানেল্ড ও ওয়েটিং লিস্ট) প্রকাশ করা হবে। এর মধ্যে 'এমপ্যানেল্ড' তালিকা থেকে সবাই চাকরি পাবে। আর 'ওয়েটিং লিস্ট'এর প্রার্থীদের চাকরি পাওয়ার বিষয়ে নিশ্চয়তা নেই।

## রেলে চাকরির

■ *রেলের গ্রুপ-ডি পদের জন্য কলকাতা রেল রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করেছি। এখন অন্য কোনো রেলে দরখাস্ত করতে পারব কি? — গোলবদন দাস, হরিশচন্দ্রপুর, ভরতপুর, মুর্শিদাবাদ।*

■■ রেলের বিজ্ঞপ্তিতে উল্লেখ আছে, একাধিক রেল রিক্রুটমেন্ট বোর্ডে দরখাস্ত করলে বাতিল হবে। তাই এখন অন্য কোনো রেলে দরখাস্ত করতে পারবেন না।

■ *রেলের গ্রুপ-ডি পদের জন্য কলকাতা ছাড়া অন্যান্য রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের পরীক্ষা কলকাতায় দিতে পারব কি? — প্রবীর সরকার, বেলতলা পাড়া, বাদকুল্লা, নদিয়া।*

■■ না, পারবেন না।

■ *রেলের গ্রুপ-ডি পদের বেলায় রাঁচী রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের ক্ষেত্রে দক্ষিণ-পূর্ব রেলের পরীক্ষার প্রশ্ন বাংলায় হবে কি? দক্ষিণ-পূর্ব রেলের পরীক্ষার সীট কলকাতায় পড়বে কি? — শিবদাস সর্দার, আন্দুলগড়িয়া, তারডাহা, দক্ষিণ ২৪ পরগনা।*

■■ দক্ষিণ-পূর্ব রেলের প্রশ্ন বাংলায় হবে। এবার পরীক্ষা যেহেতু অনলাইনে হবে, তাই পরীক্ষা কেন্দ্র সারা রাজ্যের বিভিন্ন কেন্দ্রে হবে না। কলকাতা ও তার পার্শ্ববর্তী এলাকার কিছু কম্পিউটার সেন্টারে (সরকারি উদ্যোগে বা, সরকারের অধীন সংস্থায়) নেওয়া হবে। যেখানে প্রচুর প্রার্থীকে একসঙ্গে পরীক্ষা দিতে পারবে।

## রাজ্য ও কেন্দ্রীয় সরকারের যে যে পদে এখনো দরখাস্ত করতে পারবেন

রাজ্য ও কেন্দ্রীয় সরকারের বিভিন্ন দফতরে লোক নেওয়ার খবর বেরোলেই তা যথাসময়ে 'কর্মসংস্থানে' দেওয়া হয়। অনেক ক্ষেত্রে দেখা যায়, প্রার্থী সেই সংখ্যা সংগ্রহ করতে না পারার জন্য দরখাস্ত করতে পারেন না। তাই প্রার্থীদের সুবিধার জন্য এখনো কোন কোন পদে দরখাস্ত করার সুযোগ আছে, তা এক নজরে দেওয়া শুরু হল।

| পদ | যোগ্যতা | শূন্যপদ | শেষ তারিখ | ওয়েবসাইট |
|---|---|---|---|---|
| রেল গ্রুপ-ডি | মাধ্যমিক/ আই.টি.আই | ৬২,৯০৭ | ৩১-৩-১৮ | www.indianrailways.gov.in |
| রেল অ্যাসিস্ট্যান্ট লোকো পাইলট, টেকনিশিয়ান | আই.টি.আই./ অ্যাক্ট অ্যাপ্রেন্টিস | ২৭,০১৯ | ৩১-৩-১৮ | www.indianrailways.gov.in |
| ইউ.জি.সি.- সি.এস.আই.আর-নেট | গ্র্যাজুয়েট বা, মাস্টার ডিগ্রি | পরে জানানো হবে | ২৬-৩-১৮ | www.csirhrdg.res.in |
| লখনৌ মেট্রো রেলে জুনিয়র ইঞ্জিনিয়ার, মেন্টেনার, অ্যাসিস্ট্যান্ট ম্যানেজার | ইঞ্জিনিয়ারিং-এর ডিপ্লোমা | ১৯৩ | ২৭-৩-১৮ | www.lmrcl.com |
| কেন্দ্রীয় ৫ পুলিশের এস.আই., সি.এ.পি.এফ. | গ্র্যাজুয়েট | ১২২৩ | ২.৪.২০১৮ | www.ssc.nic.in |
| পুনে ক্যান্টনমেন্ট বোর্ডে ক্লার্ক, নার্স, ড্রাইভার | মাধ্যমিক, নার্সিং উচ্চমাধ্যমিক | ৭১ | ৭.৪.২০১৮ | www.punecantonmentboard.org |
| এইমস-এ নার্স | নার্সিং | ৬০০ | ১.৪.২০১৮ | www.aiimsjodhpur.educ.in |
| কলকাতা পুর নিগম সাব-অ্যাসি. ইঞ্জিনিয়ার | ডিপ্লোমা | ৫৭ | ১৬.৪.২০১৮ | www.mscwb.org |
| ইসরোতে টেকনিশিয়ান | আই.টি.আই. | ৭৩ | ২.৪.২০১৮ | www.sac.gov.in |
| কলকাতা পুর নিগমে সাব-অ্যাসি: ইঞ্জিনিয়ার | পলিটেকনিক | ৫৭ | ১৬.৪.২০১৮ | www.mscwb.org |
| সি.আই.ডি.'তে ফিঙ্গার প্রিন্ট | গ্র্যাজুয়েট | ২৮ | ৩.৪.২০১৮ | www.pscwbonline.gov.in |
| পশ্চিমবঙ্গ পুলিশ হাউজিং অ্যান্ড ইনফ্রাস্ট্রাকচার ডেভ: কর্পোরেশন লিমিটেড | ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা ও ডিগ্রি | পরে জানানো হবে | ৩১.৩.২০১৮ | www.wbphidcl.com |
| ব্যুরো অফ ইন্ডিয়ান স্ট্যান্ডার্ডস সায়েন্টিস্ট-বি | ইঞ্জিনিয়ারিং গ্র্যাজুয়েট | ১০৯ | ২.৪.২০১৮ | www.bis.org.in |

## চাকরির পরীক্ষা

**পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং ১৭/২০১৬'র** ডিস্ট্রিক্ট লাইব্রেরি অফিসার পদের ইন্টারভিউ হবে ২৯ মার্চ। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.pscwbonline.gov.in

■

**মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের** ১৪/২০১৭'র পাথরচাপুরি ডেভেলপমেন্ট অথরিটিতে সার্ভেয়র, ড্রাফটসম্যান, ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট ও লোয়ার ডিভিশন ক্লার্ক পদের লিখিত পরীক্ষা হবে ৮ এপ্রিল। অ্যাডমিট ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.mscwb.org

■

**মিউনিসিপ্যাল সার্ভিস কমিশনের** ১৩/২০১৭'র তারাপীঠ রামপুরহাট ডেভেলপমেন্ট অথরিটিতে অ্যাসিস্ট্যান্ট প্ল্যানার, জুনিয়র অ্যাসিস্ট্যান্ট প্ল্যানার, সার্ভেয়র, ড্রাফটসম্যান, ওয়ার্ক অ্যাসিস্ট্যান্ট ও লোয়ার ডিভিশন ক্লার্ক পদের লিখিত পরীক্ষা হবে ৮ এপ্রিল। অ্যাডমিট ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.mscwb.org

■

**পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের বিজ্ঞপ্তি নং ২ (১)/২০১৭'র** ইন্সপেক্টর অফ লিগ্যাল মেট্রোলজির ইন্টারভিউ হবে ২৬, ২৭, ২৯ মার্চ আর ২, ৩, ৫, ৬, ৯ এপ্রিল। ই-কল লেটার ডাউনলোড করতে পারবেন এই ওয়েবসাইটে : www.pscwbonline.gov.in

সাম্প্রতিক তথ্যে ভরা

# জিজ্ঞাসা

*চাকরির পরীক্ষার কোনো প্রশ্ন আছে? দরখাস্ত করেও কোনো খবর পাচ্ছেন না, নাকি পরীক্ষা দিয়েও ফল কবে বেরোবে জানতে পারছেন না? দরখাস্ত বাতিল হয়ে যাবে কিনা ভাবছেন? কবে, কোথায় পরীক্ষা হবে? কী কী বিষয় থাকবে? অ্যাডমিট কার্ড এখনো পাননি, কবে পাবেন বুঝতে পারছেন না? কোথায় যোগাযোগ করবেন? এইসব সাত-সতেরো প্রশ্নের উত্তর ধারাবাহিকভাবে দিচ্ছেন রঞ্জিৎ ঘোষ।*

## অন্যান্য চাকরির

■ *ফায়ার সার্ভিসের ড্রাইভার পদে চাকরি পেতে কেমন যোগ্যতা, বয়স থাকা দরকার? — সুশান্ত পাল, পালপাড়া, মাটিগাড়া, দার্জিলিং।*

■■ পশ্চিমবঙ্গ সরকারের ফায়ার অ্যান্ড এমার্জেন্সি সার্ভিসেস বিভাগে কাজের জন্য 'ফায়ার ইঞ্জিন অপারেটর কাম ড্রাইভার' পদে লোক নেওয়া হয়। ক্লাস এইট পাশরা ভারি গাড়ি চালানোর বৈধ লাইসেন্স থাকলে আর গাড়ি চালানোর কাজে অন্তত ৫ বছরের অভিজ্ঞতা থাকলে আবেদন করতে পারেন। শরীরের মাপজোখ হতে হবে লম্বায় অন্তত ৫ ফুট আড়াই ইঞ্চি, বুকের ছাতি না-ফুলিয়ে অন্তত ৩২ ইঞ্চি ও ফুলিয়ে ৩৪ ইঞ্চি। বয়স হতে হবে ১৮ থেকে ২৮ বছরের মধ্যে। তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর বয়সে ছাড় পাবেন। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,২০০ টাকা। মহিলারা এই পদে যোগ্য নন। এতদিন প্রার্থী বাছাই হত পশ্চিমবঙ্গ স্টাফ সিলেকশন কমিশনের মাধ্যমে। এবার প্রার্থী বাছাই হবে পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশনের মাধ্যমে।

■ *ম্যারেজ রেজিস্ট্রারের বিজ্ঞপ্তি কবে বেরোবে? — শুক্লা ঘোষ, দমদম, এয়ারপোর্ট, কলকাতা।*

■■ আপাতত কোনো খবর নেই।

## ডাক বিভাগের

■ *গ্রামীণ ডাক সেবক পদে দরখাস্ত করেছি। পরীক্ষা কবে হবে? — সুপ্রিয় মোদক, পাকাচোল রোড, নবদ্বীপ, নদিয়া।*

■■ এই পদের জন্য আবার নতুন করে দরখাস্ত নেওয়া হতে পারে।

## পাব্লিক সার্ভিসের

■ *পি.এস.সি.'র কয়েকটি পরীক্ষার বয়স ৪০ বছরের মধ্যে হতে হবে উল্লেখ আছে। দরখাস্ত করার সময় ৪০ বছরের মধ্যে বয়স আছে, কিন্তু পরীক্ষা হতে বা, নিয়োগ হতে যদি বয়স ৪০ বছরের বেশি হয়ে যায়, তাহলে অসুবিধা হবে কি? — কথিক খান্না, কালীবাড়ী, ন'পাড়া, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ না, এজন্য অসুবিধা হয় না। দরখাস্ত করার সময় যদি বয়স থাকে, তাহলে সেই প্রার্থীর নিয়োগের সময় যদি বয়স পেরিয়ে যায় তাতে কোনো অসুবিধা নেই।

■ *২০১৬ সালের ডব্লু.বি.সি.এস.'এর চূড়ান্ত ফল বেরিয়েছে কি? — পার্থ দাস, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ ২০১৬ সালের ডব্লু.বি.সি.এস.'এর 'এ' গ্রুপের ফল কোর্টের রায়ে স্থগিত আছে। 'বি' গ্রুপের ফল বেরোয়নি। সম্প্রতি 'সি' গ্রুপের ফল বেরিয়েছে।

## 'নেট' ও 'সেট'এর

■ *ইংরিজি অনার্সে পড়ছি। একটি জেনারেল বিষয়ে এম.এ. করতে চাই। 'নেট' বা, 'সেট' পরীক্ষায় বসার জন্য কি করতে হবে? — গোবিন্দ পাত্র, অর্জুনী, গড়িয়া, পূর্ব মেদিনীপুর।*

■■ অন্তত দ্বিতীয় শ্রেণির ৩ বছরের ডিগ্রি কোর্স পাশের পর সংশ্লিষ্ট বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট ছেলেমেয়েরা মোট অন্তত ৫৫% (তপশিলী, ও.বি.সি., শারীরিক প্রতিবন্ধী আর দৃষ্টিহীন প্রতিবন্ধী প্রার্থী হলে ৫০%) নম্বর পেয়ে থাকলে আবেদন করতে পারেন। এবছর যাঁরা ওইসব বিষয়ের পোস্ট-গ্র্যাজুয়েট কোর্সের ফাইনাল পরীক্ষা দেবেন বা, দিয়েছেন, তারা 'সেট' পরীক্ষা হওয়ার দিন থেকে ২ বছরের মধ্যে পোস্ট-গ্র্যাজুয়েট ডিগ্রি কোর্স পাশের মার্কশীট দেখাতে পারলে ও ওই শতকরা হারে নম্বর পাওয়ার বিষয়ে নিশ্চিত হলেও আবেদনের যোগ্য। কলেজ সার্ভিস কমিশনের 'সেট' পরীক্ষা নেওয়া হয় এইসব বিষয়ে : ইংরিজি, বাংলা, সংস্কৃত, হিন্দি, উর্দু, কমার্স, অর্থনীতি, ইতিহাস, দর্শন, রাষ্ট্রবিজ্ঞান, এডুকেশন, কেমিক্যাল সায়েন্সেস, ভূগোল, লাইফ সায়েন্স, ম্যাথমেটিক্যাল সায়েন্সেস, ফিজিক্যাল সায়েন্সেস, সোশিওলজি, সাইকোলজি, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স, ফিজিক্যাল এডুকেশন, ইলেক্ট্রনিক সায়েন্স, কম্পিউটার সায়েন্স অ্যান্ড অ্যাপ্লিকেশন, হোম সায়েন্স, সাঁওতালি। 'নেট' পরীক্ষা নেওয়া হয় এইসব বিষয়ে : অর্থনীতি, রাষ্ট্রবিজ্ঞান, দর্শন, মনস্তত্ত্ব, সমাজতত্ত্ব, ইতিহাস, নৃতত্ত্ব, বাণিজ্য, শিক্ষা, সোশ্যাল ওয়ার্ক, ডিফেন্স অ্যান্ড স্ট্র্যাটেজিক স্টাডিজ, হোম সায়েন্স, গণ প্রশাসন, পপুলেশন স্টাডিজ, সঙ্গীত, ম্যানেজমেন্ট, বাংলা, হিন্দি, সংস্কৃত, ইংলিশ, লিঙ্গুয়িস্টিক্স, আসামীজ, লেবার ওয়েলফেয়ার, পার্সোনেল ম্যানেজমেন্ট, লেবার ও সোশ্যাল ওয়েলফেয়ার, ইন্ডাস্ট্রিয়াল রিলেশন্স, হিউম্যান রিসোর্স ম্যানেজমেন্ট, আইন, লাইব্রেরি অ্যান্ড ইনফর্মেশন সায়েন্স, ম্যাস কম অ্যান্ড জার্নালিজম, ডান্স, মিউজিওলজি ও কনজার্ভেশন, আর্কিওলজি, ক্রিমিনোলজি, কম্পারেটিভ লিটারেচার, উইমেন স্টাডিজ, ভিশ্যুয়াল আর্ট (ড্রয়িং ও পেন্টিং, স্কাল্পচার, গ্রাফিক্স, অ্যাপ্লায়েড আর্ট, হিস্ট্রি অফ আর্ট), ভূগোল, সোশ্যাল মেডিসিন অ্যান্ড কমিউনিটি হেলথ, ফরেনসিক সায়েন্স, কম্পিউটার সায়েন্স ও অ্যাপ্লিকেশন, ইলেক্ট্রনিক সায়েন্স, এনভায়রণমেন্টাল সায়েন্স, ইন্টারন্যাশনাল অ্যান্ড এরিয়া স্টাডিজ, মানবাধিকার ও কর্তব্য, ট্যুরিজম অ্যাডমিনিস্ট্রেশন অ্যান্ড ম্যানেজমেন্ট, সাঁওতালি, রবীন্দ্রসঙ্গীত, ড্রামা, থিয়েটার।

## প্রাইমারির

■ *২০১৪ সালের প্রাইমারি 'টেট'এ সফল হয়েছিলাম। 'টেট' সার্টিফিকেট পাব কি? — সুজন মন্ডল, জগন্নাথপুর, পশ্চিম মেদিনীপুর।*

■■ আপাতত কোনো খবর নেই।

■ *প্রাইমারির 'টেট' পরীক্ষার তারিখ ঠিক হয়েছে কি? — পার্থ দাস, বারাসাত, উত্তর ২৪ পরগনা।*

■■ এখনো তারিখ ঠিক হয়নি।

উত্তর পেতে শুধুমাত্র পোস্ট কার্ড পাঠাবেন ও তাতে নিজের নাম-ঠিকানা ও ফোন নং লিখবেন। পোস্ট কার্ডে ঠিকানার জায়গায় নিচের অংশটি কেটে আঠা দিয়ে সেঁটে দেবেন। জিজ্ঞাসা বিভাগের পরের শূন্যস্থানে কোন বিভাগের চিঠি (রেল, ব্যাঙ্ক, পি.এস.সি. কিনা) তা লিখে দেবেন।

**কর্মসংস্থান**
জিজ্ঞাসা বিভাগ
..................
১২/৩/৪, জামির লেন
কলকাতা-৭০০ ০১৯

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



## পুরুলিয়া জেলা পরিষদে ২২ ক্লার্ক, স্টেনো, টাইপিস্ট

পুরুলিয়া জেলা পরিষদের সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট, টাইপিস্ট, স্টেনোগ্রাফার, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট, ল্যাবরেটরি অ্যাসিস্ট্যান্ট, ল্যাবরেটরি খালাসি, গ্রুপ-ডি, ডাটা এন্ট্রি অপারেটর, অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার, অ্যাসিস্ট্যান্ট ক্যাশিয়ার পদে ২২ জন লোক নিচ্ছে। মোট অন্তত ৫০% নম্বর পেয়ে মাধ্যমিক পাশরা লোয়ার ডিভিশন অ্যাসিস্ট্যান্ট পদের জন্য যোগ্য। কম্পিউটারে টাইপিং জানলে ভালো হয়। শূন্যপদ ৬টি। সিভিল ইঞ্জিনিয়ারিংয়ের ডিপ্লোমা কোর্স পাশরা সাব-অ্যাসিস্ট্যান্ট ইঞ্জিনিয়ার পদের জন্য যোগ্য। শূন্যপদ : ৪টি।

এছাড়াও অন্যান্য সব পদের বেলায় বিস্তারিত শিক্ষাগত যোগ্যতা পাবেন ওয়েবসাইটে। বয়স হতে হবে ১৮ থেকে ৪০ বছরের মধ্যে।

দরখাস্ত করবেন অনলাইনে, ৩১ মার্চের মধ্যে। এই ওয়েবসাইটে : www.purulia.nic.in কোন পদের জন্য কেমন শিক্ষাগত যোগ্যতা, বয়স, শূন্যপদ, দরখাস্ত করার পদ্ধতি ইত্যাদি তথ্য পাবেন ওই ওয়েবসাইটে।

## ম্যানেজমেন্টের কোর্স

১ পাতার পর

পরীক্ষা হবে দু'রকম ভাবে : (১) পেপার বেসড টেস্ট, (২) কম্পিউটার বেসড টেস্ট (অনলাইন টেস্ট)। পেপার বেসড টেস্ট হবে ৬ মে বেলা ১০টা থেকে সাড়ে ১২টা। পূর্ব ভারতের কলকাতা-সহ বিভিন্ন কেন্দ্রে। কম্পিউটার বেসড টেস্ট (অনলাইন টেস্ট) হবে ২০ মে থেকে। পেপার বেসড টেস্টের অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ২৮ এপ্রিল থেকে। কম্পিউটার বেসড টেস্টের অ্যাডমিট কার্ড ডাউনলোড করতে পারবেন ১২ মে থেকে। সফল হলে নির্দিষ্ট কিছু ইনস্টিটিউটগুলির যে কোনো একটিতে ভরতির জন্য গ্রুপ ডিসকাশন ও ইন্টারভিউ দিতে পারেন। 'ম্যাট' পরীক্ষার জন্য আবেদন করার পাশাপাশি ওইসব ইনস্টিটিউটে ভরত্তির জন্য আলাদাভাবে আবেদন

এরপর ২০ পাতায়

## ৮১ মেডিক্যাল টেকনোলজিস্ট

১ পাতার পর

কোন পদের জন্য যোগ্য :

**মেডিক্যাল টেকনোলজিস্ট (ই.সি.জি) :** ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ই.সি.জি. টেকনোলজির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। ডিপ্লোমা কোর্স পাশের পর কোনো হাসপাতাল বা, ক্লিনিকে এক বছরের ট্রেনিং করে থাকলে কিংবা ই.সি.জি. টেকনোলজির পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ১-১-২০১৮'র হিসাবে ৩৯ বছরের মধ্যে। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা। শূন্যপদ : ১৫টি (জেনাঃ ২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৩, ও.বি.সি বি ক্যাটেগরি ২, তঃজাঃ ৭, তঃউঃজাঃ ১))।

**মেডিক্যাল টেকনোলজিস্ট (ল্যাবরেটরি) :** ফিজিক্স, কেমিস্ট্রি ও বায়োলজি বিষয় নিয়ে উচ্চমাধ্যমিক পাশরা ল্যাবরেটরি টেকনোলজির ২ বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলে আবেদন করতে পারেন। বি.এসসি. কোর্স পাশরা ল্যাবরেটরি টেকনোলজির এক বছরের ডিপ্লোমা কোর্স পাশ হলেও যোগ্য।

ডিপ্লোমা কোর্স পাশের পর কোনো হাসপাতাল বা, ক্লিনিকে এক বছরের ট্রেনিং করে থাকলে কিংবা ল্যাবরেটরি টেকনোলজির পোস্ট-গ্র্যাজুয়েট ডিপ্লোমা কোর্স পাশ হলে ভালো হয়। বয়স হতে হবে ১-১-২০১৮'র হিসাবে ৩৯ বছরের মধ্যে। মূল মাইনে : ৭,১০০-৩৭,৬০০ টাকা ও গ্রেড পে ৩,৬০০ টাকা। শূন্যপদ : ৬৬টি (জেনাঃ ৩২, ও.বি.সি. -এ ক্যাটেগরি ৭, ও.বি.সি বি ক্যাটেগরি ৫, তঃজাঃ ১৫, তঃউঃজাঃ ৪, মেধাবী খেলোয়াড় ২, প্রতিবন্ধী ১))।

সব ক্ষেত্রে তপশিলীরা ৫ বছর, ও.বি.সি.'রা ৩ বছর আর প্রতিবন্ধীরা ৪৫ বছর বয়স পর্যন্ত বয়সে ছাড় পাবেন।

প্রার্থী বাছাই করবে 'পশ্চিমবঙ্গ পাব্লিক সার্ভিস কমিশন'। এজন্য প্রথমে লিখিত স্ক্রিনিং টেস্ট বা, লিখিত পরীক্ষা হবে। সফল হলে এরপর হবে ইন্টারভিউ। পরীক্ষা সংক্রান্ত বিস্তারিত সিলেবাস পাবেন এই ওয়েবসাইটে : www.pscwb.org.in

দরখাস্ত করবেন শুধুমাত্র অনলাইনে, ৯ এপ্রিলের মধ্যে। এই ওয়েবসাইটে : www.pscwbonline.gov.in, www.pscwbapplication.in এজন্য বৈধ একটি ই-মেল আই.ডি. থাকতে হবে। এছাড়াও পাশপোর্ট মাপের ফটো ও সিগনেচার জে.পি.ই.জি. ফর্ম্যাটে ২০ থেকে ৫০ কে.বি.'র মধ্যে স্ক্যান করে নেবেন। ফটো ও সিগনেচার স্ক্যান করবেন ২০০ ডি.পি.আই.'তে।

প্রথমে ওই ওয়েবসাইটে গিয়ে যাবতীয় তথ্য দিয়ে নাম রেজিস্ট্রেশন করবেন। তারপর পরীক্ষা ফী বাবদ ১৬০ (তপশিলী ও প্রতিবন্ধীদের ফী লাগবে না) টাকা দিতে হবে ডেবিট কার্ড বা, ক্রেডিট কার্ড কিংবা নেট ব্যাঙ্কিংয়ের মাধ্যমে, ৯ এপ্রিলের মধ্যে। এছাড়াও টাকা অফলাইনে দিতে পারবেন ইউনাইটেড ব্যাঙ্ক অফ ইন্ডিয়ার চালানে। টাকা জমা দিতে পারবেন ১০ এপ্রিলের মধ্যে। টাকা জমা দেওয়ার পর সিস্টেম জেনারেটেড অ্যাপ্লিকেশন ফর্ম প্রিন্ট করে নিজের কাছে রেখে দেবেন। আরো বিস্তারিত তথ্য ওপরের ওই ওয়েবসাইটে পাবেন।

## কর্মসংস্থান

বিক্রি বেড়েছে। এই সঙ্গে কাগজ ও আনুষঙ্গিক খরচ বেড়েছে ৪০%। তবু বিজ্ঞাপনদাতাদের ওপর যাতে বিশাল আর্থিক চাপ না পড়ে, সেজন্য বিজ্ঞাপন দর নামমাত্র বাড়ানো হচ্ছে।

*২০১৮ সালের ১ এপ্রিল থেকে প্রযোজ্য দর হবে :*

| | |
|---|---|
| **প্রদর্শন বিজ্ঞাপন** | |
| প্রতি বর্গ সেমি (সাদা-কালো) | ৪৯৫ টাকা |
| প্রতি বর্গ সেমি (রঙিন) | ৫৬৫ টাকা |
| সংবাদ বিজ্ঞাপন | ৬৫০ টাকা |
| **প্রথম পাতায়** | |
| ★ওপরের ডান কোণের প্যানেল (রঙিন) (১০.৩ সেমি × ২.৫ সেমি) | ৩০,০০০ টাকা |
| ★১০৫ বর্গ সেমির বিজ্ঞাপন (রঙিন) | ৯০,০০০ টাকা |
| ★১০৫ বর্গ সেমির বিজ্ঞাপন (রঙিন, বাঁদিকে) | ৮৫,০০০ টাকা |
| **দ্বিতীয় পাতায়** | |
| শুধুমাত্র ২টি পত্রিকায় বিজ্ঞাপনের জন্য প্রতি বর্গ সেমি (রঙিন) | ৬৬০ টাকা |
| **শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন** | |
| ★প্রতি লাইন (শিক্ষা কলমের জন্য) | ৩৫০ টাকা |
| ★প্রতি লাইন (কর্মখালি কলমের জন্য) | ৫০০ টাকা |
| ★মোটা হরফের প্রতি লাইন (শুধুমাত্র প্রথম ৩ লাইন) | দ্বিগুণ |
| ★নিজের ছবি (২.৫ × ২ সেমি) দিয়ে শিক্ষা কলমে বিজ্ঞাপন | ৩,০০০ টাকা |
| ★সর্বোচ্চ ১ সেমি উচ্চতার কালোর ভেতর সাদা হরফে লেখা বক্স-সহ শ্রেণিবদ্ধ-প্রদর্শন বিজ্ঞাপন **শিক্ষার ক্ষেত্রে** (লাইন পিছু ব্যয় কিন্তু অতিরিক্ত) | ১,৬৫০ টাকা |
| ★সর্বোচ্চ ১.৫ সেমি উচ্চতার কালোর ভেতর সাদা হরফে লেখা বক্স-সহ শ্রেণিবদ্ধ-প্রদর্শন বিজ্ঞাপন **শিক্ষার ক্ষেত্রে** (লাইন পিছু ব্যয় কিন্তু অতিরিক্ত) | ২,২০০ টাকা |
| ★সর্বোচ্চ ১ সেমি উচ্চতার রঙিন বক্স-সহ শ্রেণিবদ্ধ-প্রদর্শন বিজ্ঞাপন **শিক্ষার ক্ষেত্রে** (লাইন পিছু ব্যয় কিন্তু অতিরিক্ত) | ২,২৫০ টাকা |
| ★সর্বোচ্চ ১.৫ সেমি উচ্চতার রঙিন বক্স-সহ শ্রেণিবদ্ধ-প্রদর্শন বিজ্ঞাপন **শিক্ষার ক্ষেত্রে** (লাইন পিছু ব্যয় কিন্তু অতিরিক্ত) | ২,৮০০ টাকা |
| ★সর্বোচ্চ ১ সেমি উচ্চতার কালোর ভেতর সাদা হরফে লেখা বক্স-সহ শ্রেণিবদ্ধ-প্রদর্শন বিজ্ঞাপন **কর্মখালির ক্ষেত্রে** (লাইন পিছু ব্যয় কিন্তু অতিরিক্ত) | ২,৫০০ টাকা |
| ★সর্বোচ্চ ১.৫ সেমি উচ্চতার কালোর ভেতর সাদা হরফে লেখা বক্স-সহ শ্রেণিবদ্ধ-প্রদর্শন বিজ্ঞাপন **কর্মখালির ক্ষেত্রে** (লাইন পিছু ব্যয় কিন্তু অতিরিক্ত) | ৩,৩০০ টাকা |
| ★সর্বোচ্চ ১ সেমি উচ্চতার রঙিন বক্স-সহ শ্রেণিবদ্ধ-প্রদর্শন বিজ্ঞাপন **কর্মখালির ক্ষেত্রে** (লাইন পিছু ব্যয় কিন্তু অতিরিক্ত) | ৩,২০০ টাকা |
| ★সর্বোচ্চ ১.৫ সেমি উচ্চতার রঙিন বক্স-সহ শ্রেণিবদ্ধ-প্রদর্শন বিজ্ঞাপন **কর্মখালির ক্ষেত্রে** (লাইন পিছু ব্যয় কিন্তু অতিরিক্ত) | ৩,৯০০ টাকা |
| ★একটিমাত্র স্তম্ভে শুধুমাত্র রুল দিয়ে ঘেরা বক্সের জন্য | ৭০০ টাকা |
| ★ রঙিন (একটিমাত্র রঙের ক্ষেত্রে) | ১৫০০ টাকা |
| ★ একাধিক অতিরিক্ত রঙের ক্ষেত্রে (১ সেমি ও ১.৫ সেমি উচ্চতার রঙিন জায়গায় রঙিন হরফে লেখা) | ১৬৫০ টাকা |
| ★ পছন্দসই জায়গায় বিজ্ঞাপনের জন্য | ২৫% অতিরিক্ত |

*শ্রেণিবদ্ধ বিজ্ঞাপন কমপক্ষে ৪ লাইনের হতে হবে। প্রদর্শন বিজ্ঞাপন ন্যূনতম ১৩.৬ বর্গ সেমি. হতে হবে। দর বৃদ্ধির ক্ষেত্রে আগাম কোনো চুক্তি গ্রাহ্য হবে না।*


**RAIL-প্রশিক্ষণ**
**ALP, Tech., Group D**
TT/TC, ASM, Goods Guard etc.
100% নিশ্চিত সাফল্য, নচেৎ কোর্স ফী ফেরত
The Railway Training Institute
Ph : 8584016879



**WBCS-2016-এ ৫ জনের মধ্যে ৪ জন উত্তীর্ণ**

Team রাজীব শ্রাবণ

গিমিক বা ম্যাজিক নয়, পরিকল্পনা ও আত্মবিশ্বাসই সাফল্যের মূল কথা



Md. Sahabuddin WBCS, 2016 (Gr.C) Roll : 1403058



Dipak Mondal 14 মাসে 12টি চাকরির সাফল্যের অধিকারী

ভর্তি চলছে
WBCS (Prelims & Main) RAIL, SSC, PSC, COMBINED, POLICE

সাধ্যের মধ্যেই লক্ষ্য পূরণ

কেরিয়ার বুকস অথর

**RAINBOW EDUCAREER**
বেলঘরিয়া : 9679103601
উলুবেড়িয়া : 9830286347



**Jadavpur University**
**Clinical Research Centre (CRC)**
In Collaboration with **Guru Nanak Institute of Pharmaceutical Science & Technology, Kolkata** Announces **"Pharmaceutical Instrumental Analysis". Duration** : 9 months, **Eligibility** : Graduate (Science). **Last Date of form submission :** 24.04.2018. **Date of Commencement of the Course :** 10.05.2018. Application form available at Information centre, J.U. Contact: **9088401354, 9830083549**



**একচান্সে পাশ করুন**
কোর্স ফি স্বল্প, অথচ 1 নং ফ্যাকাল্টি। সপ্তাহে 4 দিন ক্লাস।
কোর্স ফি
• রেল গ্রুপ-ডি : 3200
• লেডি কনস্টেবল : 3500
• কলকাতা/বেঙ্গল পুলিশ : 3500
• স্পেশাল কম্বাইন্ড : 3200
স্টাডি ক্যাম্পাস
NICE EDUCATION
কমল বেদ স্যার নিজেও ক্লাস নিচ্ছেন।
চাঁদপাড়া, স্টেশন রোড, উত্তর ২৪ পরগনা।
M.:9733727529 / 8370860661
বি.দ্র.: আবাসিক ব্যবস্থাও রয়েছে।


### Office of the District Judge, Cooch-Behar (English Department)

**EMPLOYMENT NOTICE**

**Memo. No. 442 (Recruitment) /E,** **Dated- 14.03.2018**

Online applications are invited from the eligible Indian Citizens for preparation of separate panels to fill up the existing and expected vacancies, in different categories of posts, in the Judgeship of Cooch Behar as follows:

1. **English Stenographer (Grade-III)**: Scale of pay: (P.B. No. 3) Rs. 7,100/- to 37,600/-. Grade Pay : Rs. 3,900/- **Total Vacancy - 06 [UR-1, UR(EC)-2, SC-2, OBC-B(EC)-1]**
2. **L.D.Assistant (Group-C)**, Scale of pay: (P.B. No. 2) Rs. 5,400/- to 25,200/-, Grade Pay : Rs. 2,600/- **Total Vacancy - 19 [UR-6, UR (MSP)-1, UR (EC)-3, UR (PWD)-1, SC-4, ST (EC)-1, OBC-A-1, OBC-A(EC)-1, OBC-B-1]**
3. **Process Server (Group-C)**: Scale of pay: (P.B. No. 2) Rs. 5,400/- to 25,200/-. Grade Pay : Rs. 2,300/- **Total Vacancy - 02 [SC(EC)-1, OBC(A)-1]**
4. **Group - D(Peon)**: Scale of Pay : (P.B.-1) Rs. 4,900/- - 16,200/-, Grade Pay Rs. 1700/- **Total Vacancy - 14 [ Unreserved - 05, Unreserved (EC)-02, SC-2, SC(EC)-1, ST(Ex-Serviceman)-1, OBC-A-1, OBC-A (Ex-Serviceman) - 01, OBC-B-1.**
5. **Night Guard (Gr-D)**: Scale of Pay : (P.B.-1) Rs. 4,900/- - 16,200/-, Grade Pay Rs. 1700/- **Total Vacancy - 08 [ Unreserved - 02, Unreserved (EC)-01, Unreserved (Ex-Serviceman)-01, SC-1, SC(Ex-Serviceman)-1, ST-1, OBC-B(EC)-1]**
6. **Karma Bandhu [Sweeper] (Gr-D)**: Scale of pay: (P.B.- 1) Rs. 4,900/- - 16,200/-, Grade Pay : Rs. 1,700/- **Total Vacancy - 01 [ST-1]**

**The SC/ST/OBC Candidates of other States shall be treated as General Candidates.**

For information in details **please visit our website https://cbdcjobs.net**, website of the Hon'ble High Court, Calcutta http://www.calcuttahighcourt.nic.in or in the Government website of Cooch-Behar District : http://www.coochbehar.gov.in or http://www.coochbehar.nic.in in "Latest News" or http://www.ecourts.gov.in/india/west-bengal/cooch-behar/recruitment.

Candidates are required to apply online only through the link "Apply Online" between 22.03.2018 at 10.00 hrs. to 25.04.2018 at 23.59 hrs in the above mentioned website.

**Buli Das**
**Judge Spl.-cum-ADJ (Ec Act), 2nd Court, Cooch Behar In Charge of District Judge and Chairman of District Recruitment Committee, Cooch-Behar**

### পশ্চিমবঙ্গ তপশিলী জাতি, আদিবাসী ও অন্যান্য অনগ্রসর শ্রেণি উন্নয়ন ও বিত্ত নিগম - এর উদ্যোগে SC ও ST সম্প্রদায়ভুক্ত যুবক/যুবতীদের জন্য

**বিনাব্যয়ে, আবাসিক ব্যবস্থায় ২ মাসের "চোখের প্রাথমিক যত্ন ও চশমা তৈরীর (Eye Mitra Optician Project) প্রশিক্ষণ কর্মসূচী"**

**আবেদনকারীর যোগ্যতা :** দশম শ্রেণী উত্তীর্ণ, বয়স : ১৮-৩৫ বছর, পারিবারিক বার্ষিক আয় (সর্বোচ্চ): ৯৮০০০ টাকা (গ্রামাঞ্চলে), ১,২০,০০০ টাকা (শহরাঞ্চলে),

**আসন সংখ্যা :** ১৬

এ পর্যায়ে কেবলমাত্র উঃ ২৪ পরগনা, দঃ ২৪ পরগনা, হুগলী ও হাওড়া জেলার প্রার্থীদের আবেদন গ্রহন করা হবে।

আবেদনকারী কে, MD, WB SC, ST & OBC Development & Finance Corporation কে উদ্দেশ্য করে লিখিত আবেদন, ৩ কপি পাসপোর্ট সাইজের ফটো, বয়সের প্রমাণপত্র, কাস্ট সার্টিফিকেট, শিক্ষাগত যোগ্যতার প্রমাণপত্র, আয়ের শংসাপত্র, ভোটার কার্ড / আধার কার্ড - সহ সরাসরি ইন্টারভিউ-এ আসার জন্য অনুরোধ করা হচ্ছে।

**ইন্টারভিউ-এর স্থান :**
সুশ্রুত আই ফাউন্ডেশন ও রিসার্চ সেন্টার
প্রজেক্ট ডিপার্টমেন্ট : এইচ.বি-৩৬/এ/১, সল্টলেক সিটি, সেক্টর-৩ (১২ নং ট্যাঙ্কের কাছে) কলকাতা - ৭০০ ১০৬,

**ইন্টারভিউ-এর তারিখ : ২৯ ও ৩০ মার্চ, ২০১৮ (বিকেল ৩টা থেকে ৫-৩০টা)**

হেল্পলাইন : ৯৪৩২৮ ৫১০৩৩, ৮৯১০৫ ৬৫৮৮৩, ০৩৩ ৪০২৬ ১৫০০

কর্মসূচী রূপায়নে :
সুশ্রুত আই ফাউন্ডেশন ও রিসার্চ সেন্টার

Vist www.banglajobgude.tk fb.com/BanglaJobGuide Join http://t.me/BanglaJobGuide http://t.me/BangoSongbad



কলকাতা, গুয়াহাটি, পটনা, রাঁচি-সহ ১৭টি রেল রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে

# রেলের গ্রুপ 'ডি' পদের সম্ভাব্য প্রশ্নোত্তর



কলকাতা, গুয়াহাটি, পটনা, রাঁচী, ভুবনেশ্বর-সহ সারা ভারতের ১৭টি রেলওয়ে রিক্রুটমেন্ট বোর্ডের মাধ্যমে রেলে 'হেল্পার / ইলেক্ট্রিক্যাল (ওয়ার্কশপ)', 'হেল্পার / ইলেক্ট্রিক্যাল /এ.সি.', 'হেল্পার / ইলেক্ট্রিক্যাল / জেনারেল সার্ভিসেস', 'হেল্পার /ইলেক্ট্রিক্যাল /পাওয়ার', হেল্পার / ইলেক্ট্রিক্যাল / ট্রেন লাইটিং, হেল্পার / ইলেক্ট্রিক্যাল / টি.আর.ডি., হেল্পার / ইলেক্ট্রিক্যাল / টি.আর.এস., হেল্পার / ব্রিজ, হেল্পার /সিভিল, হেল্পার / সিভিল (ওয়ার্কশপ), হেল্পার / পি.ওয়ে, হেল্পার / ট্র্যাক মেশিন, হেল্পার / ওয়ার্ক্স, ট্র্যাক মেন্টেনার গ্রেড-IV, হেল্পার /মেকানিক্যাল, হেল্পার / মেকানিক্যাল / ক্যারেজ অ্যান্ড ওয়াগন, হেল্পার /মেকানিক্যাল /ডিজেল ইলেক্ট্রিক্যাল, হেল্পার / মেকানিক্যাল / ডিজেল মেকানিক্যাল, হেল্পার মেকানিক্যাল (পাওয়ার), হেল্পার /এস অ্যান্ড টি, হেল্পার / এস অ্যান্ড টি (ওয়ার্কশপ), হেল্পার /সিগন্যাল, হেল্পার /টেলিকমিউনিকেশন, হেল্পার/ মেডিক্যাল, হসপিটাল অ্যাটেন্ড্যান্ট, অ্যাসিস্ট্যান্ট পয়েন্টসম্যান, গেটম্যান, পোর্টার / হামাল / সুইপার কাম পোর্টার পদে ৬২,৯০৭ জন ছেলেমেয়ে নেওয়া হচ্ছে। এই পদের বেলায় প্রথমে কম্পিউটার বেসড টেস্ট হবে অনলাইনে, মে থেকে জুন মাসের মধ্যে। অনলাইন পরীক্ষায় ১০০টি অবজেক্টিভ মাল্টিপল চয়েজ টাইপের প্রশ্ন হবে এইসব বিষয়ে: (১) জেনারেল অ্যাওয়ারনেস (কারেন্ট অ্যাফেয়ার্স), (২) অঙ্ক, (৩) জেনারেল ইন্টেলিজেন্স অ্যান্ড রিজনিং, (৪) জেনারেল সায়েন্স। সময় থাকবে দেড় ঘন্টা। কলকাতা, রাঁচী, গুয়াহাটি রেল রিক্রুটমেন্ট বোর্ডের বেলায় প্রশ্ন হবে বাংলায়। নেগেটিভ মার্কিং আছে। ৩টি প্রশ্নের ভুল উত্তরের জন্য প্রাপ্ত নম্বর থেকে ১ নম্বর কাটা হবে। এই প্রিলিমিনারি পরীক্ষার প্রস্তুতির জন্য বাছাই করা ১ সেট প্রশ্নের উত্তর নিয়ে বিশ্লেষণ করে দেখালেন প্রতিযোগিতামূলক পরীক্ষার বিশেষজ্ঞ **শুচিস্মিতা দে**।

## CURRENT AFFAIRS

1. ভারতের কোন অনুষ্ঠান ইউনেস্কোর Intangible Cultural Heritage তালিকায় স্থান পেল?
(a) গঙ্গাসাগর মেলা (b) কুম্ভ মেলা (c) নওরোজ উৎসব (d) হোলি উৎসব

2. কত তারিখে আন্তর্জাতিক অসামরিক বিমান পরিবহণ দিবস পালিত হয়?
(a) 5 ডিসেম্বর (b) 6 ডিসেম্বর (c) 7 ডিসেম্বর (d) 8 ডিসেম্বর

3. হায়দরাবাদের কাচেগুড়া রেল স্টেশন হল ভারতের —
(a) প্রথম বেসরকারি সংস্থা দ্বারা পরিচালিত রেল স্টেশন (b) প্রথম সম্পূর্ণরূপে মহিলা দ্বারা পরিচালিত রেল স্টেশন (c) প্রথম 100% Energy Efficient রেল স্টেশন (d) প্রথম 100% Solar Powered রেল স্টেশন

4. নিচের কোন সংস্থা Global Education Monitoring Report প্রকাশ করে?
(a) ইউনিসেফ (b) আন্তর্জাতিক অর্থ ভান্ডার (c) ইউনেস্কো (d) ভারত সরকার

5. ভারতের প্যারা স্পোর্টস ফাউন্ডেশনের সভাপতি এখন কে?
